# DESHABANDHU MAHAVIDYALAYA, CHITTARANJAN

## DEPARTMENT OF BENGALI

## Syllabus

## (with effect from Academic Session 2023-24)

Syllabus For

**B.A. IN BENGALI**

**বাংলা পাঠক্রম**

**Degree Programme :**

**3years Degree with Bengali /4 years Degree with Bengali Honours/4years Degree with Bengali Honours with Research**

Under

**Choice Based Credit System (CBCS)**

**and**

**Learning Outcome Based Curriculum Framework**

# KAZI NAZRUL UNIVERSITY

**Department of Bengali**

Language and Literature

Asansol, Paschim Bardhaman, West Bengal

**(2023-2024)**

# কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আসানসোল, পশ্চিম বর্ধমান

## বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

ত্রিবার্ষিক ও চতুর্বার্ষিক সাম্মানিক এবং সাম্মানিক- গবেষণা পাঠ্যক্রম

(২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে প্রযোজ্য)

১ম সেমেস্টার থেকে ৮ম সেমেস্টারের

**অনুক্রম উদ্ভুত ফল**

**(PROGRAM OUTCOME)**

- সি.বি.সি.এস সিস্টেমের অধীনে বি.এ. বাংলা ভাষা ও সাহিত্যের প্রোগ্রামকে স্নাতক ডিগ্রী, স্নাতক অনার্স এবং স্নাতক অনার্স গবেষণা কোর্সের জন্য বিভিন্ন অংশে বিভক্ত করা হয়েছে। যথাক্রমে- ১. মেজর কোর্স, ২. মাইনর কোর্স, ৩. মাল্টি ডিসিপ্লেনারি কোর্স, ৪. স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স, ৫. এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর কোর্স বা (বাংলা কমিউনিকেশন কোর্স) এবং ৬. মডার্ন ইন্ডিয়ান ল্যাঙ্গুয়েজ (MIL) কোর্স ৭. ভ্যালু অ্যাডেড কোর্স

- এই কোর্স গুলিতে সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের নির্বাচিত ইতিহাস বিষয় জানার সুযোগ রয়েছে। এর পাশাপাশি বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস, ছন্দশাস্ত্র, অলঙ্কারশাস্ত্র এবং ভাষাতত্ত্ব সম্পর্কে জানার বিস্তৃত সুযোগ রয়েছে।
- এই কোর্স একজন শিক্ষার্থীকে ভবিষ্যতে পরিশীলিত বাংলা লেখা, পড়া এবং কথা বলার দক্ষতা অর্জন করতে সাহায্য করবে। এই কোর্সটি সম্পূর্ণ করার পর শিক্ষার্থী তার নিজ কর্মক্ষেত্রে সফল হওয়ার সম্ভাবনা রয়েছে।

কোর্স গুলির মধ্যে প্রাচীন ও মধ্যযুগীয় বাংলা সাহিত্য, আধুনিক বাংলা সাহিত্য, বাংলা নাটক, বাংলা ছোটোগল্প, বাংলা উপন্যাস, বাংলা প্রবন্ধ, রবীন্দ্র সাহিত্য এবং দর্শনের মতো অনেক আকর্ষণীয় এবং জ্ঞানবর্ধক বিষয় পাঠ্যসূচিতে রয়েছে যেগুলি অধ্যয়ন করে শিক্ষার্থীরা বিষয়ের স্বরূপ উপলব্ধি করতে পারব। বাংলা ছাড়া অন্যান্য বিষয়ের শিক্ষার্থীরা বাংলা ভাষা, সাহিত্য, সংস্কৃতি সম্পর্কে সম্যক ধারণা পাবে মাল্টি ডিসিপ্লিনারি কোর্সের মাধ্যমে।

- এই প্রোগ্রামের মাধ্যমে শিক্ষার্থীরা সাহিত্য, সমাজ ও মানবজীবন সম্পর্কে বিস্তৃতজ্ঞান লাভ করতে সক্ষম হবে । সেই সঙ্গে ভারতীয় এবং বাঙালি সংস্কৃতি, ঐতিহ্য সম্পর্কে তাদের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধিলাভ করবে। উচ্চতর গবেষণা -কাজে তারা অংশগ্রহণ করতে সুযোগ পাবে।

## অনুক্রম নির্দিষ্ট উদ্ভুত ফল

## (PROGRAM SPECIFIC OUTCOME)

- তিন বছরের স্নাতক /চার বছরের অনার্স ডিগ্রি এবং চার বছরের অনার্স গবেষণা ডিগ্রী (প্রথম থেকে ৮ম সেমেস্টার) অনুক্রমটি সফল সমাপ্তির পর একজন শিক্ষার্থী নিম্নলিখিত উদ্দেশ্যগুলি চরিতার্থ করতে সক্ষম হবে।
- বাংলা সাহিত্যের শিক্ষার্থীরা এই অনুক্রম পাঠে প্রাচীন, মধ্যযুগীয় এবং আধুনিক বাংলা সাহিত্যের একটি সম্যক ধারণা পাবে।
- ভাষাচর্চার ক্ষেত্র দিন দিন বাড়ছে। বাড়ছে কাজের সুযোগ। ফলে বাংলা ভাষাচর্চার ক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে ভাষাতত্ত্ব ও ভাষাবিজ্ঞান সম্পর্কে জ্ঞানলাভ সার্থক হয়ে উঠবে।
- ছন্দ, অলঙ্কার, মঙ্গলকাব্য, পদাবলি সাহিত্য (বৈষ্ণব ও শাক্ত), অনুবাদ সাহিত্য, ইংরাজি ও সংস্কৃত সাহিত্যের তুলনামূলক পাঠ নিয়ে সঠিক ধারণা এবং নীতিগুলি প্রয়োগ করতে শিখবে।
- গদ্য সাহিত্য, কথাসাহিত্য, নাট্যসাহিত্য , কবিতা এবং সাহিত্য সমালোচনা শিক্ষার্থীদের মধ্যে সাহিত্যবোধ গড়ে তুলবে।
- নাটক, উপন্যাস, ছোটোগল্প, কবিতার প্রকরণগুলি সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞানলাভ করবে। এই অংশ পাঠ শিক্ষার্থীদের মধ্যে নান্দনিকতার বোধ জাগিয়ে তুলবে।

  সর্বোপরি, সুবিন্যস্ত এই অনুক্রমটি সাম্মানিক শিক্ষার্থীদের ভবিষ্যতে উচ্চতর অধ্যয়ন ও গবেষণাকাজে সাফল্য অর্জনে সাহায্য করবে। ছাত্রছাত্রীদের কেবলমাত্র গবেষোণা অভিমুখী হতে আকৃষ্ট হতে সাহায্য করবে না সেই সাথে পি এইচ ডি গবেষণায় প্রবেশে তাদের সহায়তা করবে।

MJC- Major Course  প্রধান কোর্স, (আবশ্যিক পাঠক্রম)

MNC-Minor Course (বাংলা ছাড়া অনান্য বিষয়ের ছাত্রছাত্রীদের জন্য )

VAC - Value Added Course

MIL- MODERN INDIAN LANGUAGE (BENGALI)- আধুনিক ভারতীয় ভাষা (বাংলা), বিষয়ক পাঠক্রম

AEC(B) – ABILITY ENHANCEMENT COMPULSORY- (বাংলা ভাষার দক্ষতাবৃদ্ধির আব্যশিক পাঠক্রম)

SEC- SKILL ENHANCEMENT COURSE – ভাষাবোধ ও রচনাশক্তির নৈপুন্য বৃদ্ধির পাঠক্রম)

MD - Multi Disciplinary Course

SI - Summer Internship

CA- CONTINUOUS ASSESSMENT - (ধারাবাহিক অভ্যন্তরীণ মূল্যায়ন)

ESE- END SEMESTER EXAMINATION- (চূড়ান্ত সেমেস্টার পরীক্ষা)

# কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আসানসোল,পশ্চিম বর্ধমান

## বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ

ত্রিবার্ষিক/চতুর্বার্ষিক বাংলা পাঠক্রম

(২০২৩-২০২৩ শিক্ষাবর্ষ থেকে প্রযোজ্য)

মোট নম্বর - ২৩৫০/৩৩৫০

মোট সেমেস্টার – ০৬/০৮

- ৮ টি সেমেস্টারে মেজর কোর্স বা আবশ্যিক আছে । প্রতিটি কোর্স এর পূর্ণমান ১০০ ( লিখিত ৭০ এবং অভ্যন্তরীণ মূল্যায়ন – ৩০)
- ৭ টি সেমেস্টারে মাইনর কোর্স আছে । প্রতিটি কোর্সের পূর্ণমান ১০০(লিখিত ৭০, অভ্যন্তরীণ মূল্যায়ন ৩০)
- ৮টি সেমেস্টারের মধ্যে ১ম, ২য় ও ৪র্থ সেমেস্টারে একটি করে রচনাশক্তির নৈপুণ্য (SEC) পাঠক্রম থাকবে। প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৩৫ + ১৫)

- ১ম ও ৩য় সেমেস্টারে কলা, বিজ্ঞান ও বানিজ্য শাখার ছাত্রছাত্রীদের জন্য AECB (বাংলা কমিউনিকেশন)-এর একটি কোর্স থাকবে। সব শাখার সাম্মানিক ছাত্রছাত্রীদের বাংলা ভাষা, সাহিত্য, অনুবাদ ও প্রতিবেদন সম্পর্কে এই পাঠক্রম অনুসরণ করতে হবে। কোর্সটির পূর্ণমান ৫০ (৩৫ + ১৫)
- বাংলা বিভাগের ছাত্রছাত্রী ছাড়াও অন্যান্য শাখা ও বিষয়ে পাঠরত শিক্ষার্থীদের জন্য প্রথম, দ্বিতীয়, তৃতীয় সেমেস্টারের প্রতিটিতে একটি করে Multi Disciplinary Course থাকবে। প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৩৫+১৫)
- Value Added Course দ্বিতীয় ও চতুর্থ সেমেস্টারে ১ টি করে আছে। প্রতিটি কোর্সের পূর্ণমান ৫০ (৩৫+১৫)।

==================================

SYLLABUS – BENGALI : DEGREE/ HONOURS DEGREE/HONOURS WITH RESEARCH DEGREE

পাঠক্রম – বাংলা: স্নাতক ডিগ্রী/ সাম্মানিক স্নাতক ডিগ্রী/সাম্মানিক স্নাতক গবেষণা ডিগ্রী

(PROGRAM LEARNING OUTCOME)

**SEMESTER- 1ST**

COURSE NAME : PRAGADHUNIK BANGLA SAHITYER ITIHAS O PADABALI SAHITYA

COURSE CODE- BABNGMJ101

| COURSE TYPE- MAJOR | Course Details- MJC-1 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit –5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -১ ।।

## মেজর কোর্স/১(MJC-1)

## প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস ও পদাবলী সাহিত্য

## PRAGADHUNIK BANGLA SAHITYER ITIHAS O PADABALI SAHITYA

ছাত্রছাত্রীরা এই কোর্স থেকে বাংলা ভাষা ও সাহিত্যের জন্ম ও ইতিহাস জানতে পারবে। দশম থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত বাংলার ইতিহাস ও রাজনৈতিক পরিবর্তনের কথা জানতে পারবে। বৌদ্ধ, তুর্কী, মোঘল ও ইংরেজ যুগের সূচনার সমাজ-সংস্কৃতি ও সাহিত্য প্রবণতার পরিচয় জানতে পারবে। সমাজ ও সাহিত্যে চৈতন্য সংস্কৃতি ও নবজাগরণের স্বরূপের কথা জানতে পারবে। মহাকাব্য, গীতিকাব্য, আখ্যানকাব্য এবং জীবনীকাব্যের মধ্যে কী পার্থক্য রয়েছে, সেটি বুঝতে শিখবে। ধর্মীয় চেতনাময় সাহিত্যের মধ্য থেকে চিরায়ত মানব জীবন ও সাহিত্যবোধের পরিচয় পাওয়া যাবে।

ছাত্রছাত্রীরা, বৈষ্ণব তত্ত্ব ও দর্শন সম্পর্কে অবহিত হবে। ভারতীয় সাহিত্যের বৈষ্ণব ঐতিহ্য সম্পর্কে জ্ঞানলাভ করবে। বিশিষ্ট বৈষ্ণব কবিদের রচনার ভাব ও রূপ জানবে। বৈষ্ণব সাহিত্যের সাহিত্যমূল্য অনুধাবন করতে পারবে। পরবর্তী শিল্প সাহিত্যে পদাবলির প্রভাব সম্পর্কে ছাত্রছাত্রীরা অবগত হবে। মধ্যযুগে রচিত কাব্য-কবিতার গতিপ্রকৃতি অনুধাবন করতে পারবে। মধ্যযুগের সাহিত্যের দেবভাবনা, সমাজভাবনা ও মানবভাবনার পরিচয় পাবে।

শাক্তপদাবলি পাঠে ছাত্রছাত্রীরা ভারতীয় শক্তিতত্ত্ব ও শাক্তভাবনার স্বরূপ জানতে পারবে। বাংলা শাক্ত সাহিত্যের উদ্ভবের কারণ ও কবিদের রচনাকর্ম সম্পর্কে জ্ঞান লাভ করবে। অষ্টাদশ শতকের বিপন্ন সমাজ সংস্কৃতির পরিচয় জানতে পারবে। ভারতীয় পুরাণ ও তন্ত্রসাধনা বিষয়েও ছাত্রছাত্রীরা তাদের জ্ঞানভাণ্ডারকে পুষ্ট করার সুযোগ পাবে।

### প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস ও পদাবলী সাহিত্য

ক. চর্যাগীতি; তুর্কীবিজয়, শ্রীকৃষ্ণকীর্তন; বিদ্যাপতি; চণ্ডীদাস; মনসামঙ্গল; কৃত্তিবাস ওঝা, বাংলা চৈতন্যচরিত সাহিত্য; চণ্ডীমঙ্গল, কাশীরাম দাস; আরাকান রাজসভার সাহিত্য; ভারতচন্দ্র, লালন ফকির।

**খ. বৈষ্ণব পদাবলী – ক. বি. প্রকাশিত/ (নির্বাচিত পদ) -**

আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ; নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে;  সই, কেবা শুনাইল শ্যামনাম; ঘরের বাহিরে দণ্ডে শতবার; রূপ লাগি আঁখি ঝুরে; যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি; হাথক দর্পণ মাথক ফুল; কন্টক গাড়ি কমলসম পদতল; মন্দির বাহির কঠিন কপাট; এ ঘোর রজনী মেঘের ঘটা; মাধব, কি কহব রে দৈব দুর্বিপাক; সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু; এ সখি হামারি দুখের নাহিক ওর; অব মথুরাপুর মাধব গেল; আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ; তাতল সৈকত বারিবিন্দুসম।

**গ. শাক্ত পদাবলী – অমরেন্দ্র নাথ রায় সম্পাদিত / ক. বি. প্রকাশিত ( নির্বাচিত পদ) -**

গিরি এবার উমা এলে; গিরি গৌরী আমার এলো কৈ?; আমি কি হেরিলাম নিশিস্বপনে; গিরিরাজ হে, জামায়ে এনো মেয়ের সঙ্গে; ছিলাম ভালো জননী গো হরেরই ঘরে; ওরে নবমী নিশি না হইও রে অবসান; যেও না রজনী আজি লয়ে তারাদলে; ওহে প্রাণনাথ গিরিবর হে ভয়ে তনু কাঁপিছে আমার; কি হলো নবমী নিশি হইলো অবসান গো; ফিরে চাও গো উমা তোমার বিধু মুখ হেরি; ভবের আশা খেলব পাশা; কেবল আসার আশা ভবে আসা; আমি তাই অভিমান করি; তারা কোন্ অপরাধে এ দীর্ঘ মেয়াদে সংসার গারদে; মা আমায় ঘুরাবে কত, দোষ কারো নয় গো মা।

**SEMESTER- 1ST**

COURSE NAME: BENGALI COMMUNICATION

(MIL COMMUNICATION)

COURSE CODE- AECCB101

| COURSE TYPE-AE | Course Details- AEC-1 | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 15 | -- | 35 |

# ।। সেমেস্টার -১।।

## BENGALI COMMUNICATION (MIL)

## (কলা, বিজ্ঞান ও বাণিজ্য শাখার স্নাতক শিক্ষার্থীদের জন্য)

বিভিন্ন শাখার বিভিন্ন বিভাগের ছাত্রছাত্রীরা এই পাঠক্রম থেকে আধুনিক ভারতীয় ভাষা হিসেবে বাংলাভাষা ও সাহিত্য সম্পর্কে জ্ঞান লাভ করবে। এই কোর্সে প্রবন্ধ পাঠের মাধ্যমে বোধপরীক্ষা, কবিতার ভাবসৌন্দর্য বিশ্লেষণের মাধ্যমে নান্দনিকতা ও ছোটোগল্পের সাহিত্যমূল্য বিচারের মাধ্যমে বাংলা কথাসাহিত্য ও লেখক সম্পর্কে ধারণা হবে। এছাড়াও ইংরেজি থেকে বাংলা অনুবাদ এবং সংবাদপত্রে প্রতিবেদন রচনার মাধ্যমে ভবিষ্যৎ জীবনে কর্মজগতে ছাত্রছাত্রীরা উপকৃত হবে।

## BENGALI COMMUNICATION (MIL)

ভাষা অংশ

ক) বোধ পরীক্ষা – (পাঠ্য : আবশ্যিক বাংলা সংকলন - বিশ্ববন্ধু ভট্টাচার্য , বর্ধমান বিশ্ববিদ্যালয়)

১। জমীদার-বঙ্গদেশের কৃষক – বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

২। স্বদেশী সমাজ- রবীন্দ্রনাথ ঠাকুর

৩। জনগণ ও থিয়েটার- মনোরঞ্জন ভট্টাচার্য

৪। কীর্তন- দিলীপকুমার রায়

খ) সংবাদপত্রে প্রতিবেদন রচনা ।

গ) ইংরেজি থেকে বাংলায় অনুবাদ ।

সাহিত্য অংশ

ক) কবিতার ভাবসৌন্দর্য বিশ্লেষণ -

১। স্বার্থের সমাপ্তি অপঘাতে ,২। আঘাত-সংঘাত মাঝে ,৩। অন্ধকার গর্তে থাকে অন্ধ সরীসৃপ ,৪। হে ভারত, নৃপতিরে শিখায়েছ তুমি - (নৈবেদ্য - রবীন্দ্রনাথ ঠাকুর)

খ) ছোটোগল্পের সাহিত্যমূল্য বিচার -

১। পোস্টমাস্টার ,২। দালিয়া ,৩। দান-প্রতিদান ,৪। মাল্যদান, - ( রবীন্দ্রনাথ ঠাকুর)

**SEMESTER- 1st**

**Skill Enhancement Course (SEC)**

**।। রচনাশক্তির নৈপুণ্য বৃদ্ধি ।।**

COURSE NAME: RACHANA SHAKTIR NOIPURNYA

**কোর্স/১ [SEC-1]**

**রচনা শক্তির নৈপুণ্য**

**RACHANA SHAKTIR NOIPUNYA**

এই কোর্সটির দ্বারা ছাত্রছাত্রীরা সৃষ্টিশীল, মৌলিক লেখা রচনা করতে শিখবে। নানা ধরনের পত্র লিখতে পারবে। প্রতিবেদন লিখতে শিখবে। অনুচ্ছেদ রচনা করতে শিখবে। ভাবার্থ ও ভাবসম্প্রসারণ লিখতে পারবে। এই কোর্সটি তাদের ব্যবহারিক জীবন ও জগতের নানাক্ষেত্রে মোকাবিলা করতে সাহায্য করবে। একই সঙ্গে ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ব্যপারে সাহায্য করবে ।

COURSE CODE- BABNGSE101

| COURSE TYPE-SE | Course Details- SEC-1 | | | L.T.P – 2-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 3 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 15 | -- | 35 |

ক. ব্যক্তিগত, ব্যবহারিক এবং প্রাতিষ্ঠানিক পত্রলিখন ।

খ. অনুচ্ছেদ রচনা।

গ. ভাবার্থ ও ভাবসম্প্রসারণ রচনা।

ঘ. সৃজনমূলক রচনা ।

SEMESTER - $1^{st}$

MD (Multi Disciplinary Course)

COURSE NAME - BANGLA SAHITYA O SANSKRITI

COURSE CODE - MDC110

<table>
<tr><td>COURSE TYPE-<br>MD</td><td colspan="3">Course Details- MDC-1</td><td colspan="2">L.T.P – 2-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 3</td><td rowspan="3">Full<br>Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>15</td><td>--</td><td>35</td></tr>
</table>

প্রথম সেমেস্টার

মাল্টিডিসিপ্লিনারি কোর্স (MDC-1)

**বাংলা সাহিত্য ও সংস্কৃতি**

**Bangla Sahitya O Sanskriti**

**১। প্রাচীন সাহিত্য** - রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত প্রবন্ধ )

রামায়ন, মেঘদূত, শকুন্তলা, কাব্যের উপেক্ষিতা

**২। দেবী(একাঙ্ক)- তুল**সী লাহিড়ী

**৩। বাঙ্গালীর সংস্কৃতি** - সুনীতি কুমার চট্টোপাধ্যায় ( নির্বাচিত প্রবন্ধ),পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি -

জাতি, সংস্কৃতি ও সাহিত্য ; বাঙ্গালীর ইতিবৃত্ত : জাতি গঠনে; গৌড়বঙ্গ ; প্রাচীন বঙ্গের পুষ্করণা জনপদ।

**SEMESTER- 2ND**

COURSE NAME: SANSKRITA - INGREJI SAHITYER ITIHAS EBONG BANGLA BHASHATATTWA

COURSE CODE- BABNGMJ201

| COURSE TYPE- MAJOR | Course Details- MJC-2 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -২।।

**মেজর কোর্স/২ [MJC-2]**

**সংস্কৃত - ইংরেজি সাহিত্যের ইতিহাস এবং বাংলা ভাষাতত্ত্ব**

**SANSKRITA - INGREJI SAHITYER ITIHAS EBONG BANGLA BHASHATATTWA**

ছাত্রছাত্রীরা সংস্কৃত সাহিত্যের উদ্ভব ও বিকাশ সম্পর্কে অবগত হবে। সংস্কৃত নাটক সম্পর্কে জানতে পারবে। প্রাচীন ভারত ও বাংলার সমাজ সভ্যতা ও সংস্কৃতি সম্পর্কে জ্ঞাত হবে। সংস্কৃত সাহিত্যরীতি ও রসতত্ত্ব সম্পর্কে পরিচয় লাভ করবে। পরবর্তী সাহিত্যে সংস্কৃত সাহিত্যের প্রভাব সম্পর্কে জানতে পারবে। ছাত্রছাত্রীরা, ইংরেজি সাহিত্যের সময়কাল ও বৈচিত্র্য সম্পর্কে জানতে পারবে। পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব সম্পর্কে জানতে পারবে। আধুনিক গঠনবাদ সম্পর্কে জানতে পারবে। সাহিত্যের নানা রীতির তাত্ত্বিক লক্ষণ সম্পর্কে জানতে পারবে। পাশ্চাত্য সাহিত্যের বিভিন্ন রূপের সঙ্গে পরিচিত হতে পারবে। বাংলা সাহিত্যে ইংরেজি সাহিত্যের প্রভাব সম্পর্কে জানতে পারবে।

ছাত্রছাত্রীরা, ভাষা কী ও কেন তা জানতে পারবে। ভাষার সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য জানবে। কথ্য ভাষা ও লেখ্য ভাষার স্বরূপ জানতে পারবে। ভাষা বিচার করতে শিখবে, সাধু ও চলিত ভাষার পার্থক্য বুঝতে সক্ষম হবে। ভারতীয় আর্যভাষার উৎপত্তি, ইতিহাস ও বিকাশের স্বরূপ বিষয়ে জানবে। বাংলা ভাষার উদ্ভব ও বিকাশের ইতিহাস জানতে পারবে। হাজার বছরের বাংলা ভাষার বৈচিত্র্য, বৈশিষ্ট্য ও দৃষ্টান্ত জানতে পারবে। ভাষাচর্চার দু'টি প্রধান ধারা ঐতিহাসিক ও তুলনামূলক ভাষাবিজ্ঞানের বৈশিষ্ট্য জানবে। ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, পদবিধি, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব বুঝতে পারবে। ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব এবং বাক্যতত্ত্বের নানা উপাদান সম্পর্কে জ্ঞানলাভ করবে। ভাষার গঠন ও বৈচিত্র্য বুঝতে পারবে। উচ্চারণ বিজ্ঞান অনুধাবন করতে পারবে। আঞ্চলিক ভাষা বিশ্লেষণ, ভাষাক্ষেত্র-সমীক্ষা ইত্যাদি সম্পর্কে অবগত হবে। চলিত ভাষা, কাব্যের ভাষা, গদ্যের ভাষা ও সাহিত্যের ভাষার পার্থক্য নিরূপণ করতে সমর্থ হবে। বর্তমান বিশ্বে ভাষার গতিপ্রকৃতি সম্পর্কেও জানবে।

**(১)**

**ক. সংস্কৃত সাহিত্যের ইতিহাস** – রামায়ণ, মহাভারত, কালিদাস, শূদ্রক, জয়দেব।

**খ. ইংরেজি সাহিত্যের ইতিহাস** – চসার, শেক্সপিয়র, ওয়ার্ডসওয়ার্থ, কোলরীজ, শেলী,স্কট, টমাস হার্ডি, চার্লস ডিকেন্স, এলিয়ট, ইয়েটস্। (জীবন ও সাহিত্য)

(২) বাংলা ভাষাতত্ত্ব -

ক. বাগযন্ত্র ও বাংলা ধ্বনিগুলির উচ্চারণ তত্ত্ব; ধ্বনি পরিবর্তন (কারণ ও প্রকৃতি); বাংলা শব্দভাণ্ডার; বাংলা শব্দার্থতত্ত্ব; বাক্যগঠনতত্ত্ব।

খ. বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশ; প্রাচীন–মধ্য–আধুনিক বাংলার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য; বাংলা উপভাষা; সাধু ও চলিত বাংলা ।

**SEMESTER- 2ND**

MULTI DISCIPLINARY COURSE

COURSE NAME: ADHUNIK BANGLA SAHITYA

COURSE CODE- MDC210

| COURSE TYPE-MD | Course Details- MDC-2 | | | | | L.T.P – 2-1-0 |
|---|---|---|---|---|---|---|
| Credit – 3 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical | |
| | | -- | 15 | -- | 35 | |

সেমেস্টার - ২

মাল্টিডিসিপ্লিনারি কোর্স (MDC-2)

আধুনিক বাংলা সাহিত্য

ADHUNIK BANGLA SAHITYA

**১. ছোটগল্প :** তমসা- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

মরু ও সংঘ - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়

ছিন্নমস্তা - আশাপূর্ণা দেবী।

২. **কবিতা** : যমুনাবতী - শঙ্খ ঘোষ

যেতে পারি কিন্তু কেন যাব - শক্তি চট্টোপাধ্যায়

ফুল ফুটুক না ফুটুক - সুভাষ মুখোপাধায়

ময়ূর পাখায় চাঁদ - তারক সেন

**৩. বাংলা সাহিত্য এবং বাংলা চলচ্চিত্র ভাবনা**

বিষয় চলচ্চিত্র - সত্যজিৎ রায় (নির্বাচিত)

অতীতের বাংলা ছবি, বাংলা চলচ্চিত্রের আর্টের দিক, চলচ্চিত্র রচনা, আঙ্গিক, ভাষা ও ভঙ্গি, চলচ্চিত্রের সংলাপ প্রসঙ্গে, আবহসঙ্গীত প্রসঙ্গে, অপুর সংসার প্রসঙ্গে, ওরফে ইন্দির ঠাকরুণ

**.৪. বাংলা সাহিত্য ও ইংরেজি সাহিত্যের তুলনামূলক আলোচনা :** (ক)শেক্সপিয়ার ও বাংলা নাটক (খ) মিল্টন ও মধুসূদন (গ) ওয়ার্ডসওয়ার্থ ও রবীন্দ্রনাথ (ঘ) এলিয়ট ও বিষ্ণু দে (ঙ )ইয়েটস ও জীবনানন্দ (চ) ওয়াল্টার স্কট ও বঙ্কিমচন্দ্র (ছ) চার্লস ডিকেন্স ও শরৎচন্দ্র (জ) টমাস হার্ডি ও তারাশঙ্কর

## SEMESTER- 2ND

## Skill Enhancement Course (SEC)

## ।। নৈপুণ্য বা দক্ষতা বৃদ্ধি ।।

COURSE NAME: BYABOHARIK BANGLA CHARCHA

## কোর্স/২ [SEC-2]

## ব্যবহারিক বাংলা চর্চা

BYABOHARIK BANGLA CHARCHA

COURSE CODE- BABNGSE201

| COURSE TYPE- SEC | Course Details- SEC-2 | | | L.T.P – 2-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 3 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 15 | -- | 35 |

এই কোর্সের মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা, বিজ্ঞাপনের খসড়া তৈরি র কাজ শিখবে। বিজ্ঞাপনের কাজের খুঁটিনাটি সম্পর্কে জ্ঞানলাভ করবে। ছাপার কাজের কৌশল শিখবে। প্রুফ সংশোধনের নিয়মাবলি সম্পর্কে জানবে। প্রুফ সংশোধন করতে শিখবে। সংবাদপত্রে প্রতিবেদন লিখতে শিখবে। এই বিষয়গুলি ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ব্যাপারে তাদের সহায়তা করবে।

ক. বিজ্ঞাপনের খসড়া রচনা।
খ. প্রুফ সংশোধন।
গ. পরিভাষা (আবশ্যিক বাংলা সংকলন , বিশ্ববন্ধু ভট্টাচার্য সম্পাদিত, বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত)।
ঘ. বানান বিধি (প. ব. বাংলা আকাদেমি বাংলা বানান বিধি) ।

**SEMESTER- 3RD**

COURSE NAME : MANGALKAVYA - CHARIT SAHITYA EBONG **CHHANDA-ALANKAR**

COURSE CODE- BABNGMJ301

| COURSE TYPE- MAJOR | Course Details- MJC-3 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -৩।।

### মেজর কোর্স/৩ [MJC-3]

### মঙ্গলকাব্য - চরিতসাহিত্য  এবং ছন্দ - অলঙ্কার

### MANGALKAVYA - CHARIT SAHITYA EBONG CHHANDA - ALANKAR

মঙ্গলকাব্য মধ্যযুগের বাংলা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ সংরূপ । শিক্ষার্থীরা  মঙ্গলকাব্যের কাহিনি ও কবিদের সম্পর্কে জানতে পারবে। মঙ্গলকাব্যের রচনাশৈলি সম্পর্কে জানতে পারবে। মঙ্গলকাব্যের ধারায় বিভিন্ন মঙ্গলকাব্যের স্বাতন্ত্র্য বুঝতে পারবে। মঙ্গলকাব্য রচনার সামাজিক কারণ অনুধাবন করতে সচেষ্ট হবে। সমসাময়িক বাংলাদেশের ধর্ম-দর্শন ও সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ইতিহাসের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করানোই এর উদ্দেশ্য। এই পর্বে মধ্যযুগের সামাজিক বিবর্তনের ইতিহাস জানতে পারবে। যুগসন্ধির স্বরূপ জানতে পারবে। মধ্যযুগের সাংস্কৃতিক ঐতিহ্য ও সাংস্কৃতিক আদান-প্রদানের ইতিহাস বিষয়ে ওয়াকিবহাল হবে। এই পর্বে মধ্যযুগের বাংলার রাজনৈতিক উত্থান-পতনের ইতিহাস ও সাহিত্য সৃষ্টির পরিচয় জানতে পারবে। চৈতন্যদেবের অবদান বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে। বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে জানতে পারবে৷ চৈতন্য জীবনী সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটবে। চৈতন্য-জীবনীকারদের চৈতন্য-জীবনী গ্রন্থ অবলম্বনে চৈতন্য-জীবনী ও তৎকালীন নবদ্বীপের দ্বন্দ্বময় সমাজের কথা শুনতে পাবে। বাংলার বৈষ্ণব সংস্কৃতির পরিচয় পাবে। চৈতন্য-জীবনী পাঠের মধ্য দিয়ে চৈতন্যকেন্দ্রিক  বাংলা ভক্তিবাদী পরম্পরার পরিচয়দানই এর উদ্দেশ্য।

সাহিত্যে ছন্দ ও অলংকারের একটি উল্লেখযোগ্য ভূমিকা আছে। বিশেষ করে লিখনশৈলি, কবি ও কবি প্রতিভার স্বাক্ষর বহন করে ছন্দ ও অলংকার। ছন্দের ক্ষেত্রে ছাত্রছাত্রীরা কাব্যে শৈলি সম্পর্কে অবহিত হবে। কাব্যে বা কবিতায় ছন্দের আবশ্যিকতা সম্পর্কে জানতে পারবে। সংস্কৃত ও বাংলা কাব্যসাহিত্যে ছন্দ বৈচিত্র্য সম্পর্কে অবহিত হবে। কবিতার ছন্দ নির্ণয় করতে শিখবে। বাংলা ছন্দের বৈচিত্র্য ও বিস্তার সম্পর্কে জানবে। বিভিন্ন ছান্দসিকদের ছন্দশৈলি জানতে পারবে। ছন্দ ও ছন্দহীনতার পার্থক্য বুঝে কবিতার রূপ বুঝবে। অলংকারের ক্ষেত্রে, অলংকার কী ও কেন ব্যবহার করা হয় তা শিখবে। প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যের অলংকারের স্বরূপ জানতে পারবে। বাংলা অলংকারের বৈচিত্র্য সম্পর্কে জানতে পারবে। প্রাচ্য অলঙ্কার শাস্ত্র এবং প্রাচ্যের আলংকারিকদের সম্পর্কে জানতে

পারবে। কবিতায় অলংকারের বিশেষত্ব সম্পর্কে জানতে পারবে। ছাত্রছাত্রীদের এই সমৃদ্ধ পরম্পরার সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এই পাঠক্রম রাখা হয়েছে।

ক. চণ্ডীমঙ্গল (আখেটিক খন্ড) – কবিকঙ্কণ মুকুন্দ / ক. বি. প্রকাশিত

খ. চৈতন্যভাগবত (আদিখণ্ড) – বৃন্দাবন দাস / সুকুমার সেন সম্পাদিত (সাহিত্য সংসদ)

গ. ছন্দ - ধ্বনি ও বর্ণ; অক্ষর (দল); মাত্রা (কলা); শ্বাসাঘাত(প্রস্বর); ছেদ; যতি; পর্ব; পর্বাঙ্গ; অতিপর্ব; চরণ ও পংক্তি; মিল।

ছন্দের গঠন বিভাগ- একপদী, দ্বিপদী, ত্রিপদী, চৌপদী; পয়ার, মহাপয়ার, প্রবহমান পয়ার; অমিত্রাক্ষর, মুক্তক, সনেট; গদ্য কবিতা।

ছন্দের তিনরীতি - মিশ্রকলাবৃত্ত (তানপ্রধান); কলাবৃত্ত (ধ্বনি প্রধান); দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান)।

ঘ. অলঙ্কার – শব্দালঙ্কার ও অর্থালঙ্কার – সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য।

শব্দালঙ্কার – অনুপ্রাস; যমক; শ্লেষ; বক্রোক্তি।

অর্থালঙ্কার – উপমা; উৎপ্রেক্ষা; রূপক; অপহ্নুতি; সন্দেহ; নিশ্চয়; ভ্রান্তিমান; ব্যতিরেক; সমাসোক্তি; অতিশয়োক্তি; বিষম; অসঙ্গতি; বিরোধাভাস; ব্যাজস্তুতি ।

- বিভিন্ন অলঙ্কারের মধ্যে তুলনামূলক আলোচনা ।
- অলঙ্কার নির্ণয় ।

**SEMESTER- 3rd**

COURSE NAME : UNISH-BISH SHATAKER NATAK

COURSE CODE- BABNGMJ302

<table>
<tr><td>COURSE TYPE- MAJOR</td><td colspan="3">Course Details- MJC-4</td><td colspan="2">L.T.P – 4-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 5</td><td rowspan="3">Full Marks: 100</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>30</td><td>--</td><td>70</td></tr>
</table>

## ।। সেমেস্টার -৩।।

## মেজর কোর্স/৪ [MJC-4]

## উনিশ - বিশ শতকের নাটক

## UNISH - BISH SHATAKER NATAK

বাংলার আধুনিক ও মৌলিক নাটক লেখার যথার্থ সূত্রপাত ঘটে উনিশ শতকে। ছাত্রছাত্রীরা এই কোর্সে বাংলা নাট্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানবে। নাটকের সংজ্ঞা বৈশিষ্ট্য ও নাট্যতত্ত্ব (প্রাচ্য ও পাশ্চাত্য) সম্পর্কে জানবে। উনিশ শতকের বাংলা নাটক ও নাট্যমঞ্চের ইতিহাস জানতে পারবে। পাশ্চাত্য নাট্যসাহিত্যের অভিনয় কলা সম্পর্কে জানবে। মঞ্চে অভিনয় করতে উৎসাহী হবে। পৌরাণিক, সামাজিক, ঐতিহাসিক নাটক ও প্রহসনের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটক রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। বাংলা নাটকের জাতীয়তাবোধ উপলব্ধি করবে। সমকালীন নাট্য অভিনয় এবং নাট্যবিদ্রোহ সম্পর্কে অবহিত হবে। বাংলা কমেডি রচনার বিষয় ও শৈলি সম্পর্কে ধারণা পাবে। উনিশ শতকের বাংলা নাটক একই সঙ্গে সামাজিক এবং ঐতিহাসিক দলিল। তাই বিষয়টি পাঠ্যসূচিতে রাখা হয়েছে।

বিশ শতকের বাংলা নাটক বিষয় বৈচিত্র্যে, ঘটনা পরম্পরায় মতাদর্শে ও আঙ্গিকে খুবই সমৃদ্ধ। এই বিশেষ সমৃদ্ধ ক্ষেত্রটি বাংলা সাহিত্যের অতীব গুরুত্বপূর্ণ সম্পদ। শিক্ষার্থীরা বিশ শতকীয় নাট্যকার ও নাট্যভাবনা সম্পর্কে আগ্রহী হবে। তত্ত্বমূলক নাটকের আঙ্গিক সম্পর্কে জানবে। বিশ শতকীয় নাটক ও বাস্তববাদ সম্পর্কে জানবে। জাতীয়তাবাদী আন্দোলনের প্রেক্ষিত ও বিপ্লবের তত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক বাংলা থিয়েটারের পরিচয় পাবে। গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের

গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে। উপনিবেশোত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণ করতে শিখবে। মার্কসীয় সমাজতাত্ত্বিক আন্দোলন, তত্ত্ব ও ফ্রয়েডীয় মনোবিকোলনতত্ত্বের তত্ত্বের ভিত্তিতে সাহিত্যবিচার করতে শিখবে। আধুনিক নাট্যশৈলির কথা জানতে পারবে। আধুনিক নাট্যবিচার ও অভিনয়ে উৎসাহী হবে। ছাত্রছাত্রীদের এইসব বিষয়ের প্রতি সচেতন করে তোলার জন্য এটি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

## উনিশ - বিশ শতকের নাটক

## UNISH - BISH SHATAKER NATAK

ক. নীলদর্পণ – দীনবন্ধু মিত্র।

খ. প্রফুল্ল – গিরিশচন্দ্র ঘোষ।

ক. রক্তকরবী – রবীন্দ্রনাথ ঠাকুর।

খ. সওদাগরের নৌকা– অজিতেশ বন্দ্যোপাধ্যায়।

## তৃতীয় সেমেস্টার

## SEMESTER - 3rd

| COURSE TYPE-MINOR | Course Details- MNC-3 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -৩।।

## মাইনর কোর্স/৩ [MNC-3]

**SEMESTER- 3RD**

COURSE NAME : **CHHANDA-ALANKAR EBONG BANGLA CHHOTOGALPO**

## ছন্দ - অলঙ্কার এবং বাংলা ছোটোগল্প

COURSE CODE- BABNGMN301

সাহিত্যে ছন্দ ও অলংকারের একটি উল্লেখযোগ্য ভূমিকা আছে। বিশেষ করে লিখনশৈলি, কবি ও কবি প্রতিভার স্বাক্ষর বহন করে ছন্দ ও অলংকার। ছন্দের ক্ষেত্রে ছাত্রছাত্রীরা কাব্যে শৈলি সম্পর্কে অবহিত হবে। কাব্যে বা কবিতায় ছন্দের আবশ্যিকতা সম্পর্কে জানতে পারবে। সংস্কৃত ও বাংলা কাব্যসাহিত্যে ছন্দ বৈচিত্র্য সম্পর্কে অবহিত হবে। কবিতার ছন্দ নির্ণয় করতে শিখবে। বাংলা ছন্দের বৈচিত্র্য ও বিস্তার সম্পর্কে জানবে। বিভিন্ন ছান্দসিকদের ছন্দশৈলি জানতে পারবে। ছন্দ ও ছন্দহীনতার পার্থক্য বুঝে কবিতার রূপ বুঝবে। অলংকারের ক্ষেত্রে, অলংকার কী ও কেন ব্যবহার করা হয় তা শিখবে। প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যের অলংকারের স্বরূপ জানতে পারবে। বাংলা অলংকারের বৈচিত্র্য সম্পর্কে জানতে পারবে। প্রাচ্য অলঙ্কার শাস্ত্র এবং প্রাচ্যের আলংকারিকদের সম্পর্কে জানতে পারবে। কবিতায় অলংকারের বিশেষত্ব সম্পর্কে জানতে পারবে। ছাত্রছাত্রীদের এই সমৃদ্ধ পরম্পরার সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এই পাঠক্রম রাখা হয়েছে।

এই পর্বে ছাত্রছাত্রীরা, ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। ছোটোগল্পের উদ্ভব ও বিকাশ সম্পর্কে জানবে। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়ের,প্রভাত কুমার মুখোপাধ্যায়, বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়, শরদিন্দু বন্দ্যোপাধ্যায়, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়,বনফুল, নারায়ন গঙ্গোপাধ্যায় -এর ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। এদের ছোটোগল্পের তত্ত্ব, সমাজভাবনার কথা জানতে পারবে। বাংলা গল্পের নির্মাণ শৈলি সম্পর্কে সচেতন হবে, ছোটোগল্পের সময় ও গল্পের বিষয় সম্পর্কে জানবে। প্রথম বিশ্বযুদ্ধোত্তর সমাজ সংকটকে অনুভব করবে। গল্পকারের মানস প্রকৃতি বোঝার চেষ্টা করবে। মানব চরিত্রের দ্বৈত সত্তার পরিচয় পাবে।

ক. ছন্দ - ধ্বনি ও বর্ণ; অক্ষর (দল); মাত্রা (কলা); শ্বাসাঘাত(প্রস্বর); ছেদ; যতি; পর্ব; পর্বাঙ্গ; অতিপর্ব; চরণ ও পংক্তি; মিল।

ছন্দের গঠন বিভাগ- একপদী, দ্বিপদী, ত্রিপদী, চৌপদী; পয়ার, মহাপয়ার, প্রবহমান পয়ার; অমিত্রাক্ষর, মুক্তক, সনেট; গদ্য কবিতা।

ছন্দের তিনরীতি - মিশ্রকলাবৃত্ত (তানপ্রধান); কলাবৃত্ত (ধ্বনি প্রধান); দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান)।

খ. অলঙ্কার – শব্দালঙ্কার ও অর্থালঙ্কার – সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য।

শব্দালঙ্কার – অনুপ্রাস; যমক; শ্লেষ; বক্রোক্তি।

অর্থালঙ্কার – উপমা; উৎপ্রেক্ষা; রূপক; অপহ্নুতি; সন্দেহ; নিশ্চয়; ভ্রান্তিমান; ব্যতিরেক; সমাসোক্তি; অতিশয়োক্তি; বিষম; অসঙ্গতি; বিরোধাভাস; ব্যাজস্তুতি ।

- বিভিন্ন অলঙ্কারের মধ্যে তুলনামূলক আলোচনা ।
- অলঙ্কার নির্ণয় ।

গ. ছোটোগল্প : আদরিণী - প্রভাত কুমার মুখোপাধ্যায়; ডাইনী - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়; দুঃশাসনীয় - মানিক বন্দ্যোপাধ্যায়; কিন্নরদল - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়; অমিতাভ - শরদিন্দু বন্দ্যোপাধ্যায়; অভাগীর স্বর্গ - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়; শ্রীপতিসামন্ত - বনফুল ;টোপ - নারায়ন গঙ্গোপাধ্যায় ।

Semester - 4th

COURSE CODE - BABNGMJ401

COURSE NAME - UNISH SHATAKER KAVYA EBONG KAVYA NATYA O NATYA KAVYA

| COURSE TYPE-MEJOR | Course Details- MJC-5 | | | | | L.T.P – 4-1-0 |
|---|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical | |
| | | -- | 30 | -- | 70 | |

## ।। সেমেস্টার -৪।।

## মেজর কোর্স/৫ [MJC-5]

**SEMESTER- 4TH**

COURSE NAME-- UNISH SHATAKER KAVYA EBONG KAVYA NATYA O NATYA KAVYA

## উনিশ শতকের কাব্য এবং কাব্যনাট্য ও নাট্যকাব্য

COURSE CODE- BABNGMJ401

উনিশ শতক বাংলা সাহিত্যে নানা শাখাকে সমৃদ্ধ করেছে। উনিশ শতকের কাব্য, সেইসময়ের মনন ও চিন্তনের মৌলিকতা বিশেষভাবে ধরা পড়ে। উনিশ শতকের পাশ্চাত্য অভিঘাত ও নবজাগরণের ফলে যে সাংস্কৃতিক পরিবর্তন  তা জানতে পারবে। সামাজিক আন্দোলন ও সংস্কার সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের কবিগণ ও তাদের কবিধর্মের স্বরূপ জানতে পারবে। উনিশ শতকের আধুনিক যুগমানসের স্বরূপ জানবে। গীতিকবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। গীতিকবিতা ও আখ্যান কাব্যের স্বরূপ ও পার্থক্য বুঝবে। উনিশ শতকের মহিলা কবিদের সম্পর্কে জানবে। উনিশ শতকীয় পত্রকাব্যরীতি বিচার করতে শিখবে। ছাত্রছাত্রীদের এই সমৃদ্ধ সাহিত্যের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এই অংশটি সংযুক্ত করা হয়েছে।

এই পর্বে ছাত্রছাত্রীরা, কাব্যনাট্য ও নাট্যকাব্য সম্পর্কে জানবে। নাট্যকাব্য ও কাব্যনাট্যের স্বরূপ ও বৈশিষ্ট্য জানবে। নাট্যকাব্য সৃষ্টির বৈচিত্র্য সম্পর্কে জানবে। কাব্যনাট্য সৃষ্টির বৈচিত্র্য সম্পর্কে জানবে। কাব্যনাট্য ও নাট্যকাব্যের তত্ত্ব, সত্য, গঠন ও শৈলি সম্পর্কে জ্ঞানলাভ করবে। নাট্যকাব্য ও কাব্যনাট্যের শিল্পরূপ সম্পর্কে জানবে ।

**(ক) উনিশ শতকের কাব্য**

বীরাঙ্গনা কাব্য – মাইকেল মধুসূদন দত্ত (নির্বাচিত)

দুষ্মন্তের প্রতি শকুন্তলা; সোমের প্রতি তারা; দশরথের প্রতি কেকয়ী; পুরুরবার প্রতি উর্বশী; নীলধ্বজের প্রতি জনা

সারদামঙ্গল – বিহারীলাল চক্রবর্তী।

**(খ) কাব্যনাট্য  ও নাট্যকাব্য**

কর্ণকুন্তী সংবাদ - রবীন্দ্রনাথ ঠাকুর

গান্ধারীর আবেদন– রবীন্দ্রনাথ ঠাকুর

অনামী অঙ্গনা – বুদ্ধদেব বসু ।

Semester - $4^{th}$

COURSE CODE - BABNGMJ402

COURSE NAME - UNISH SHATAKER PRABANDHA O GEETI KAVITA

<table>
<tr><td>COURSE TYPE-MEJOR</td><td colspan="3">Course Details- MJC-6</td><td colspan="2">L.T.P – 4-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 5</td><td rowspan="3">Full Marks: 100</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>30</td><td>--</td><td>70</td></tr>
</table>

## ।। সেমেস্টার -৪।।

## মেজর কোর্স/৬ [MJC-6]

**SEMESTER- 4TH**

COURSE NAME : UNISH SHATAKER PRABANDHA O GEETI KAVITA
উনিশ শতকের প্রবন্ধ ও গীতিকবিতা

COURSE CODE- BABNGMJ402

এই পর্বে ছাত্রছাত্রীরা, উনিশ শতকের বাংলা প্রবন্ধের ইতিহাস জানতে পারবে। ফোর্ট উইলিয়ম কলেজ থেকে রবীন্দ্রনাথ থেকে বাংলা প্রবন্ধের বৈচিত্র্য জানবে। উনিশ শতকের প্রবন্ধ রচনার বৈশিষ্ট্য অবগত হবে। উনিশ শতকের প্রবন্ধ সাহিত্যের স্বরূপ জানবে। প্রবন্ধ লেখার অভিজ্ঞান লাভ করবে। উনিশ শতকের প্রবন্ধের শৈলি ও ভাষা সম্পর্কে অবহিত হবে। উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা প্রবন্ধ-নিবন্ধ রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। প্রবন্ধ রচনার কৌশল শিখবে। সাহিত্য বিষয়ক প্রবন্ধের দার্শনিক ভাবনা ও সমাজচেতনার পরিচয় পাবে। উনিশ শতকের প্রবন্ধ রচনার বিষয় ও রচনারীতি সম্পর্কে জ্ঞানলাভ করবে।

এই পর্বে ছাত্রছাত্রীরা, গীতি কবিতার স্বরূপ, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ সম্পর্কে জানবে। গীতি কবিতার শৈলি ও গীতিকাব্যের তুল্যমূল্য বিচার করতে পারবে। কাব্যের ভাষা, ছন্দ-অলংকার সম্পর্কে বিশ্লেষণ করতে পারবে। গীতিকাব্যের কাহিনি সংযোগ ও স্বাতন্ত্র্য চিনতে পারবে। গীতি কবিতার মধ্যে কবিধর্মের স্বরূপ খুঁজে পাবে। বাংলা গীতি কবিতার মধ্যে রোম্যান্টিক চেতনা, নারীচেতনা, স্বাদেশিকতা বোধ ও পাশ্চাত্য প্রভাবের কথা জানতে পারবে। গীতি কবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। গীতি কবিতা ও আখ্যান কাব্যের স্বরূপ ও পার্থক্য অনুধাবন করবে। বাংলা আখ্যানকাব্য ও গীতি কবিতার ইতিহাস জানতে সচেষ্ট হবে। বাংলা সাহিত্যে উনিশ শতকের আখ্যান কাব্যের যে ধারাটি ছিল তার মধ্যে নবীনচন্দ্র সেনের ‘পলাশীর যুদ্ধ’ একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এই কোর্সে সে বিষয়টি জানার সুযোগ রয়েছে।

**উনিশ শতকের প্রবন্ধ**

**ক. কমলাকান্তের দপ্তর-** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (নির্বাচিত)

মনুষ্যফল, বিড়াল, বসন্তের কোকিল,  কমলাকান্তের জোবানবন্দী, বড়বাজার

**খ. পঞ্চভূত** – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)

পরিচয়, মন, কৌতুকহাস্য, গদ্য ও পদ্য, নরনারী

**গ. গীতি কবিতা**

ঈশ্বরচন্দ্র গুপ্ত : স্বদেশ; পৌষপার্বন

হেমচন্দ্র  বন্দ্যোপাধ্যায় : ভারতবিলাপ; বাঙালীর মেয়ে

দেবেন্দ্রনাথ সেন : প্রকৃতি; অদ্ভুত অভিসার

মধুসূদন দত্ত : বঙ্গভাষা; বিজয়া দশমী

অক্ষয় কুমার বড়াল:  শ্রাবণে; মধ্যাহ্নে

গিরীন্দ্র মোহিনী দাসী :  শ্রাবণে; মাতৃস্তোত্র

Semester - $4^{th}$

COURSE CODE - BABNGMN401

COURSE NAME : BANGLA KAVITA O BANGLA PRABANDHA

| COURSE TYPE- MINOR | Course Details- MNC - 4 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -৪।।

## মাইনর কোর্স/৪ [MNC-4]

**SEMESTER- 4TH**

COURSE NAME-- BANGLA KAVITA O BANGLA PRABANDHA

বাংলা কবিতা ও বাংলা প্রবন্ধ

COURSE CODE- BABNGMN401

এই পর্বে ছাত্রছাত্রীরা উনিশ শতকের কবিতা ভাবনা এবং বিশ শতকের প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী বাংলা কবিতার গতিপ্রকৃতি সম্পর্কে জানতে পারবে। বাংলা কাব্যে কল্লোল যুগ সঞ্জাত বাস্তবতা-প্রতিবাদী চেতনার পরিচয় জানতে পারবে। সাহিত্যিক আন্দোলন ও মতবাদের পরিচয় পাবে। কবিতার শৈলি সংক্রান্ত নানা আধুনিক বৈশিষ্ট্য জানতে পারবে। গদ্য-কবিতার নিয়ম জানবে। যুগগত শূন্যতার স্বরূপ জানতে পারবে। ছাত্রছাত্রীরা আধুনিক কবিতা রচনার প্রেরণা পাবে।

এই পর্বে ছাত্রছাত্রীরা, প্রবন্ধ রচনা, রম্যরচনার স্বরূপ এবং বৈশিষ্ট্য অবগত হবে। বাংলা গদ্যসাহিত্য ও প্রবন্ধ সাহিত্যের স্বরূপ জানবে। প্রবন্ধ লেখার অভিজ্ঞান লাভ করবে। প্রবন্ধের শৈলি ও ভাষা সম্পর্কে অবহিত হবে। প্রবন্ধ রচনার কৌশল শিখবে। আধুনিক বাংলা সাহিত্যের কালসীমা ও যুগলক্ষণ জানবে। সাহিত্য বিষয়ক প্রবন্ধের দার্শনিক ভাবনা ও সমাজচেতনার পরিচয় পাবে। বাংলার সংস্কৃতি ও আধুনিক সাহিত্যের পরিচয় পাবে। প্রবন্ধ রচনার বিষয় ও রচনারীতি সম্পর্কে জ্ঞানলাভ করবে।

**বাংলা কবিতা**

**ক. সঞ্চিতা - নজরুল ইসলাম**

বিদ্রোহী, নারী(সাম্যবাদী),ফরিয়াদ,কাণ্ডারী হুঁশিয়ার, গোপন প্রিয়া।

**খ.আধুনিক কবিতা সঞ্চয়ন (ব.বি প্রকাশিত)**

বনলতা সেন– জীবনানন্দ দাশ; সংগতি - অমিয় চক্রবর্তী, হারিয়ে - প্রেমেন্দ্র মিত্র, একখানা হাত - বুদ্ধদেব বসু, উলঙ্গ রাজা - নীরেন্দ্রনাথ চক্রবর্তী, প্রিয়তমাসু - সুকান্ত ভট্টাচার্য, বাবরের প্রার্থনা - শঙ্খ ঘোষ।

**গ. বাংলা প্রবন্ধ (বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত)**

লোক শিক্ষা - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, আমাদের ভাষাসঙ্কট - প্রমথ চৌধুরী, পারিবারিক নারী সমস্যা - অন্নদাশঙ্কর রায়, সৎ প্রসঙ্গ - মীর মশাররফ হোসেন, বাংলার ব্রত - অবনীন্দ্রনাথ ঠাকুর।

**SEMESTER- 4TH**

**SKILL ENHANCEMENT COURSE (SEC)**

COURSE NAME : **ANUBAD CHARCHA (ENGREGI THEKE BANGLA)**

COURSE CODE- BAHBNGSE401

| COURSE TYPE-SE | Course Details- SEC-3 | | | L.T.P – 2-1-0 | |
|---|---|---|---|---|---|
| | Full | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| Credit – 3 | Marks: 50 | -- | 15 | -- | 35 |

## কোর্স/৩ [SEC-3]

## অনুবাদ চর্চা (ইংরেজি থেকে বাংলা)

## ANUBAD CHARCHA (ENGREGI THEKE BANGLA)

এই কোর্সের মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা, অনুবাদের উপযোগিতা সম্পর্কে জানবে। বাংলা সাহিত্যে অনুবাদের ইতিহাস সম্পর্কে জানবে। অন্য ভাষা থেকে (ইংরেজি থেকে বাংলায়) অনুবাদ করতে শিখবে। মূল পাঠ্যের আক্ষরিক অনুবাদের সঙ্গে ভাবানুবাদের পদ্ধতিও শিখবে। এই কোর্সটি তাদের ব্যবহারিক জীবন ও জগতের নানাক্ষেত্রে মোকাবিলা করতে সাহায্য করবে। একই সঙ্গে ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ব্যাপারে সাহায্যকারী ভূমিকা নেবে ।

**অনুবাদ চর্চা (ইংরেজি থেকে বাংলা)**

ক. অনুবাদ তত্ত্ব

খ. মূলানুগ অনুবাদ

গ. ভাবানুবাদ

**SEMESTER- 5TH**

COURSE NAME : UNISH-BISH SHATAKER KAVITA

COURSE CODE- BABNGMJ501

| COURSE TYPE-MAJOR | Course Details- MJC-7 | | L.T.P – 4-1-0 |
|---|---|---|---|
| | Full | CA Marks | ESE Marks |

| Credit – 5 | Marks: 100 | Practical | Theoretical | Practical | Theoretical |
|---|---|---|---|---|---|
| | | -- | 30 | -- | 70 |

## ।। সেমেস্টার -৫।।

## মেজর কোর্স/৭ [MJC-7]

## উনিশ-বিশ শতকের কবিতা

## UNISH-BISH SHATAKER KOVITA

বাংলা কবিতা শুধুমাত্র ভারতবর্ষের ইতিহাসে নয়, বিশ্বসাহিত্যের ইতিহাসেও স্থান দখল করেছে। উনিশ-বিশ শতকের বাংলা কবিতা সমৃদ্ধির শিখরে পৌঁছায়। উনিশ শতকের কাব্যধর্ম ও কবিধর্মের স্বরূপ জানতে পারবে। উনিশ শতকের কাব্যে নারীচেতনা ও পাশ্চাত্য প্রভাব জানতে পারবে। উনিশ শতকের কাব্যে অমিত্রাক্ষর ছন্দের সঙ্গে যুক্তির ভাষা ও প্রতিবাদী চেতনার স্বরূপ চিনবে। উনিশ শতকের আধুনিক যুগমানসের স্বরূপ চিনবে। গীতিকবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। কাব্যচিন্তার ক্ষেত্রে পৌরাণিক ও রোম্যান্টিক ভাবনার পরিচয় লাভ করবে। বিশ শতকের কবিতায় বিধৃত মানবচিন্তা, প্রকৃতি ও সৌন্দর্যচিন্তা, ঈশ্বরচিন্তা ও আস্তিক্যবোধের স্বরূপ জানতে পারবে। বিশ শতকের কবিতার মধ্যে তত্ত্ব, সত্য, বৈচিত্র্য ও শৈলি সম্পর্কে জ্ঞানলাভ করবে। এই পর্বে ছাত্রছাত্রীরা, বিশ শতকের কবিতার মধ্যে জীবন ও বিশ্বসত্যের শাশ্বত পরিচয় জানতে পারবে। আধুনিক কবিতার স্বরূপ জানতে পারবে। প্রাচ্য ও পাশ্চাত্য কাব্যভাবনার গতিপ্রকৃতি বুঝতে পারবে। কবিতা বিশ্লেষণ করতে শিখবে। বিশ্বযুদ্ধ ও মানবসভ্যতার সংকট সম্পর্কে জানতে পারবে। কবিতার শৈলি ও তার বিবর্তন অনুধাবন করতে পারবে। এই দুই শতকের বাংলার কবি ও তাদের কবিতার গতিপ্রকৃতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এটিকে পাঠ্যসূচিতে সংযুক্ত করা হয়েছে।

### উনিশ-বিশ শতকের কবিতা

**ক. সঞ্চয়িতা – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত কবিতা)**

সোনার তরী, বিদায় অভিশাপ, অভিসার, কৃপণ, ভারততীর্থ, বাঁশি, ছবি, শাজাহান, মানবপুত্র, সুরদাসের প্রার্থনা,ঝুলন, উর্বশী, দুঃসময়, এক গাঁয়ে, শেষ চিঠি ।

**খ. আধুনিক কবিতা সঞ্চয়ন – বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত (নির্বাচিত)**

আটবছর আগের একদিন– জীবনানন্দ দাশ; আমার কৈফিয়ৎ – কাজী নজরুল ইসলাম; শাশ্বতী – সুধীন্দ্রনাথ দত্ত; সংগতি-অমিয় চক্রবর্তী, জং - প্রেমেন্দ্র মিত্র, রবীন্দ্রনাথ - অচিন্ত্যকুমার সেনগুপ্ত, একখানা হাত - বুদ্ধদেব বসু, ঘোড়সওয়ার - বিষ্ণু দে, যত দূরেই যাই - সুভাষ মুখোপাধ্যায়, যুদ্ধের বিরুদ্ধে - বীরেন্দ্র চট্টোপাধ্যায়, কলকাতার যীশু– নীরেন্দ্রনাথ চক্রবর্তী, প্রিয়তমাসু - সুকান্ত ভট্টাচার্য, যেতে পারি কিন্তু কেন যাব? – শক্তি চট্টোপাধ্যায়; রাধাচূড়া– শঙ্খ ঘোষ, যদি নির্বাসন দাও - সুনীল গঙ্গোপাধ্যায় ।

**SEMESTER- 5TH**

COURSE NAME : SAHITYATATTWA EBONG UNISH-BISH SHATAKER UPONYAS

COURSE CODE- BABNGMJ502

| COURSE TYPE-MAJOR | Course Details-MJC-8 | | | L.T.P – 4-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 5 | Full Marks: 100 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 30 | -- | 70 |

## মেজর কোর্স/৮ [MJC-8]

## সাহিত্যতত্ত্ব এবং উনিশ-বিশ শতকের উপন্যাস

## SAHITYATATTWA EBONG UNISH - BISH SHATAKER UPONYAS

এই পর্বে ছাত্রছাত্রীরা, কাব্যের স্বরূপ ও লক্ষণ চিনবে। ভারতীয় অলংকারবাদের বৈচিত্র্য জানবে। কাব্যের প্রাণ অনুসন্ধান করতে পারবে। কাব্যবিচার করে তার মূলধর্ম নির্ণয় করতে শিখবে। কাব্যের পূর্ণতা অনুধাবন করতে শিখবে। কাব্যতত্ত্বের নানা প্রস্থান- ধ্বনিবাদ, রসবাদ, রীতিবাদ সম্পর্কে অবহিত হবে। রসবিচার করতে শিখবে। কাব্যশৈলি বিচার করতে শিখবে। ভারতীয় অলংকারতত্ত্বের বিকাশের ইতিহাস জানবে। পাশ্চাত্য সাহিত্য প্রস্থান

সম্পর্কে জানবে। পাশ্চাত্য রীতি বাংলা সাহিত্যে কী প্রভাব ফেলেছে জানতে পারবে। আধুনিক সংকেত ও প্রতীকময় সাহিত্যের বিমূর্ত সত্য উপলব্ধি করবে। সাহিত্যে উপাদান, অন্বয় ও বিনির্মাণ বিশ্লেষণ করবে। পাশ্চাত্য কাব্যতত্ত্ব সম্পর্কে অবহিত হবে। মহাকাব্য ও অন্যান্য কাব্যশৈলি সম্পর্কে জানবে। ট্রাজেডি তত্ত্ব সম্পর্কে জানবে। অনুকরণ তত্ত্ব সম্পর্কে জানবে। পাশ্চাত্য নাট্যতত্ত্ব সম্পর্কে জানবে। সাহিত্যের নানা স্টাইলের লক্ষণ চিনতে পারবে। সাহিত্যতত্ত্ব সাহিত্যপাঠে সহায়ক ও গুরুত্বপূর্ণ তত্ত্ব। ভারতীয় ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের নানা মতাদর্শ ও মতবাদকে ছাত্রছাত্রীদের জানানো বলে খুবই জরুরি বলে মনে হয়। সেই উদ্দেশ্যকে সামনে রেখে বিষয়টিকে পাঠ্যসূচিতে রাখা হয়েছে। উপন্যাসের সূচনা পর্বের ইতিহাস পড়ে সমৃদ্ধ হবে। উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ ও প্রাচ্য-পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা জানবে। বাংলার চিরাচরিত সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। বিশ শতকের বাংলা উপন্যাসের সমাজ চিন্তার রূপরেখা সম্পর্কে জানতে পারবে। বাংলার পল্লীজীবনের তথা শহুরেজীবনের জটিল গতিপ্রকৃতি- মানসপ্রকৃতি গঠনের বৈচিত্র্য চিন্তাভাবনার সীমাবদ্ধতা জানতে পারবে। বাংলা উপন্যাসের কালচেতনা সম্পর্কে জানতে পারবে। উপন্যাস পাঠে জীবন চেতনা ও চিরায়ত জীবনবোধে পুষ্ট হবে শিক্ষার্থীমন। আধুনিক উপন্যাসের শৈলি সম্পর্কে শিখবে।

**সাহিত্যতত্ত্ব**

ক. কাব্যজিজ্ঞাসা – অতুলচন্দ্র গুপ্ত (নির্বাচিত)

ধ্বনি, রস

খ. সাহিত্যের রূপ ও রীতি - ক্লাসিসিজম্; রোমান্টিসিজম্; সিম্বলিজম্; এপিক; ট্রাজেডি; কমেডি; ফার্স, সুররিয়ালিজম্।

**উপন্যাস**

ক. কৃষ্ণকান্তের উইল - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

খ. চার অধ্যায় - রবীন্দ্রনাথ ঠাকুর

**SEMESTER- 5TH**

COURSE NAME : Rabindranather Galpo Ebong Rabindrottor Chhotogalpo

COURSE CODE- BABNGMJ503

<table>
<tr><td>COURSE TYPE-MAJOR</td><td colspan="3">Course Details-MJC-9</td><td colspan="2">L.T.P – 4-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 5</td><td rowspan="3">Full Marks: 100</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>30</td><td>--</td><td>70</td></tr>
</table>

## মেজর কোর্স/৯ [MJC-9]

## রবীন্দ্রনাথের গল্প এবং রবীন্দ্রোত্তর ছোটোগল্প

Rabindranather Galpo Ebong Rabindrottor Chhotogalpo

এই পর্বে ছাত্রছাত্রীরা, ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। ছোটোগল্পের উদ্ভব ও বিকাশ সম্পর্কে জানবে। ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। ছোটোগল্পের তত্ত্ব, সমাজভাবনার কথা জানতে পারবে। বাংলা গল্পের নির্মাণ শৈলি সম্পর্কে সচেতন হবে। ছোটোগল্পের সময় ও গল্পের বিষয় সম্পর্কে জানবে। প্রথম বিশ্বযুদ্ধোত্তর সমাজ সংকটকে অনুভব করবে। গল্পকারের মানস প্রকৃতি বোঝার চেষ্টা করবে। মানব চরিত্রের দ্বৈত সত্তার পরিচয় পাবে।ছোটোগল্পের বৈচিত্র্য, তত্ত্ব, নির্মাণ, সমাজভাবনা ও চিরায়ত আবেদন অনুভব করতে পারবে। বাংলা ছোটোগল্পের নির্মাণ শৈলি সম্পর্কে জানবে। আধুনিক কালের সময় ও যুগলক্ষণ সম্পর্কে অবহিত হবে। আধুনিক যুগের বিপন্নতা ও সংকটকে বুঝতে শিখবে। ঔপনিবেশিকতা ও উত্তর উপনিবেশবাদ সম্পর্কে অবহিত হবে। একালের সময় চেতনা ও সমাজতত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক গল্পের বিষয় বৈচিত্র্য জানবে। চেতনাপ্রবাহধর্মী লেখা চিনতে শিখবে। উপনিবেশ উত্তর যুগের লক্ষণ চিনতে পারবে। বাংলা গল্পপাঠের মধ্য দিয়ে বাংলা গল্পের স্বরূপ উদ্ভাবন করতে পারবে। ছাত্রছাত্রীরা গল্প লেখার প্রেরণা পাবে। একাধিক আন্তর্জাতিক মানের ছোটোগল্পকারের আবির্ভাব হয়েছে বাংলা সাহিত্যে। এই ছোটোগল্পকার ও তাদের ছোটোগল্পের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেওয়ার জন্য বিষয়টি সংযুক্ত করা হয়েছে।

**ক. গল্পগুচ্ছ– রবীন্দ্রনাথ ঠাকুর : (নির্বাচিত)**

কঙ্কাল, শাস্তি, এক রাত্রি, সমাপ্তি, গুপ্তধন, দুরাশা, অতিথি, স্ত্রীর পত্র, মধ্যবর্তিনী , মাস্টারমশাই

**খ. একালের গল্প- বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত : (নির্বাচিত গল্প)**

পুঁইমাচা- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়; ফসিল– সুবোধ ঘোষ; রস– নরেন্দ্রনাথ মিত্র; টোপ– নারায়ণ গঙ্গোপাধ্যায়; আদাব– সমরেশ বসু; সাঁঝ সকালের মা– মহাশ্বেতা দেবী; অশ্বমেধের ঘোড়া- দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়; ইঁদুর– সোমেন চন্দ, তেলেনাপোতা আবিষ্কার - প্রেমেন্দ্র মিত্র, চূড়ামণি উপাখ্যান - সুনীল গঙ্গোপাধ্যায় ।

**SEMESTER- 5TH**

COURSE NAME : Bangla Uponyas O Natak

COURSE CODE- BABNGMN501

<table>
<tr><td>COURSE TYPE-MINOR</td><td colspan="3">Course Details-MNC-5</td><td colspan="2">L.T.P – 4-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 5</td><td rowspan="3">Full Marks: 100</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>30</td><td>--</td><td>70</td></tr>
</table>

## মাইনর কোর্স/৫ [MNC-5]

## বাংলা উপন্যাস ও নাটক

## BANGLA UPONYAS O NATAK

বাংলা উপন্যাস অতি সমৃদ্ধ ও গুরুত্বপূর্ণ। এই পর্বে ছাত্রছাত্রীরা, আধুনিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ সম্পর্কে জানতে পারবে। বাংলা উপন্যাসের জন্মের ইতিহাস জানবে। বাংলা উপন্যাস পাঠের সঙ্গে সঙ্গে পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা বিষয়েও জানবে। বাংলা উপন্যাসের উদ্ভব ও বিস্তারের কথা জানবে। সমকালীন নকশা জাতীয় রচনার পর আধুনিক বাংলা উপন্যাসে তৎকালীন সমাজভাবনা, বাংলার জীবনরীতির পরিচয় পাবে। বাংলার চিরাচরিত সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। আধুনিক বাংলা উপন্যাসে সমাজচিন্তার

রূপরেখা নির্মাণ সম্পর্কে জানতে পারবে। ব্রিটিশ যুগের সংকটের কথা জানবে। লেখকের জীবন-দর্শনের কথা জানবে।  আধুনিক বাংলা উপন্যাস পাঠে দেশকাল ও সাহিত্য সম্পর্কে সচেতন হবে।

বাংলা নাটক ও নাট্যমঞ্চের ইতিহাস জানতে পারবে। পাশ্চাত্য নাট্যসাহিত্যের অভিনয় কলা সম্পর্কে জানবে। মঞ্চে অভিনয় করতে উৎসাহী হবে। পৌরাণিক, সামাজিক, ঐতিহাসিক নাটক ও প্রহসনের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটক রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। বাংলা নাটকের জাতীয়তাবোধ উপলব্ধি করবে। সমকালীন নাট্য অভিনয় এবং নাট্যবিদ্রোহ সম্পর্কে অবহিত হবে। বিশ শতকের বাংলা নাটক বিষয় বৈচিত্র্যে, ঘটনা পরম্পরায় মতাদর্শে ও আঙ্গিকে খুবই সমৃদ্ধ। গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে।

**উপন্যাস :**

ক. দত্তা - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

খ. পথের পাঁচালি - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

**নাটক :**

ক. মালিনী - রবীন্দ্রনাথ ঠাকুর

খ. দেবী গর্জন - বিজন ভট্টাচার্য

**SEMESTER- 6TH**

COURSE NAME : Adhunik Bangla Uponyas

COURSE CODE- BABNGMJ601

| COURSE TYPE- MAJOR | Course Details-MJC-10 | | | L.T.P – 4-1-0 | |
মঙ্গলকাব্য মধ্যযুগের বাংলা সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ সংরূপ। মঙ্গলকাব্যের কাহিনি ও কবিদের সম্পর্কে জানতে পারবে। মঙ্গলকাব্যের রচনাশৈলি সম্পর্কে জানতে পারবে। মঙ্গলকাব্যের ধারায় বিভিন্ন মঙ্গলকাব্যের স্বাতন্ত্র্য বুঝতে পারবে। মঙ্গলকাব্য রচনার সামাজিক কারণ অনুধাবন করতে সচেষ্ট হবে। সমসাময়িক বাংলাদেশের ধর্ম-দর্শন ও সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক ইতিহাসের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করানোই এর উদ্দেশ্য। এই পর্বে মধ্যযুগের সামাজিক বিবর্তনের ইতিহাস জানতে পারবে। যুগসন্ধির স্বরূপ জানতে পারবে। মধ্যযুগের সাংস্কৃতিক ঐতিহ্য ও সাংস্কৃতিক আদান-প্রদানের ইতিহাস বিষয়ে ওয়াকিবহাল হবে। এই পর্বে মধ্যযুগের বাংলার রাজনৈতিক উত্থান-পতনের ইতিহাস ও সাহিত্য সৃষ্টির পরিচয় জানতে পারবে। চৈতন্যদেবের অবদান বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে। বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে জানতে পারবে৷ চৈতন্য জীবনী সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটবে। চৈতন্য-জীবনীকারদের চৈতন্য-জীবনী গ্রন্থ অবলম্বনে চৈতন্য-জীবনী ও তৎকালীন নবদ্বীপের দ্বন্দ্বময় সমাজের কথা শুনতে পাবে। বাংলার বৈষ্ণব সংস্কৃতির পরিচয় পাবে। চৈতন্য-জীবনী পাঠের মধ্য দিয়ে চৈতন্যকেন্দ্রিক বাংলা ভক্তিবাদী পরম্পরার পরিচয়দানই এর উদ্দেশ্য।

**মঙ্গলকাব্য ও চরিতসাহিত্য**

ক. চণ্ডীমঙ্গল (আখেটিক খন্ড) – কবিকঙ্কণ মুকুন্দ / ক. বি. প্রকাশিত

খ. চৈতন্যভাগবত (আদিখণ্ড) – বৃন্দাবন দাস / সুকুমার সেন সম্পাদিত (সাহিত্য সংসদ)

**SEMESTER- 3RD**
COURSE NAME- CHHANDA-ALANKAR (SANGA O SWARUP)
COURSE CODE- BAHBNGC302

| COURSE TYPE-C | Course Details- CC-6 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর কোর্স/৬ [C-6]
## ছন্দ-অলংকার (সংজ্ঞা ও স্বরূপ)
## CHHANDA-ALANKAR (SANGA O SWARUP)

সাহিত্যে ছন্দ ও অলংকারের একটি উল্লেখযোগ্য ভূমিকা আছে। বিশেষ করে লিখনশৈলি, কবি ও কবি প্রতিভার স্বাক্ষর বহন করে ছন্দ ও অলংকার। ছন্দের ক্ষেত্রে ছাত্রছাত্রীরা, কাব্যে শৈলি সম্পর্কে অবহিত হবে। কাব্যে বা কবিতায় ছন্দের আবশ্যিকতা সম্পর্কে জানতে পারবে। সংস্কৃত ও বাংলা কাব্যেসাহিত্যে ছন্দ বৈচিত্র্য সম্পর্কে অবহিত হবে। কবিতার ছন্দ নির্ণয় করতে শিখবে। বাংলা ছন্দের বৈচিত্র্য ও বিস্তার সম্পর্কে জানবে। বিভিন্ন ছান্দসিকদের ছন্দশৈলি জানতে পারবে। ছন্দ ও ছন্দহীনতার পার্থক্য বুঝে কবিতার রূপ বুঝবে। অলংকারের ক্ষেত্রে, অলংকার কী ও কেন ব্যবহার করা হয় তা শিখবে। প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যের অলংকারের স্বরূপ জানতে পারবে। বাংলা অলংকারের বৈচিত্র্য সম্পর্কে জানতে পারবে। প্রাচ্য আলঙ্কার শাস্ত্র এবং প্রাচ্যের আলংকারিকদের সম্পর্কে জানতে পারবে। কবিতায় অলংকারের বিশেষত্ব সম্পর্কে জানতে পারবে। ছাত্রছাত্রীদের এই সমৃদ্ধ পরম্পরার সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এই পাঠক্রম রাখা হয়েছে।

**ছন্দ-অলংকার (সংজ্ঞা ও স্বরূপ)**

ক. ছন্দ - ধ্বনি ও বর্ণ; অক্ষর (দল); মাত্রা (কলা); শ্বাসাঘাত(প্রস্বর); ছেদ; যতি; পর্ব; পর্বাঙ্গ; অতিপর্ব; চরণ ও পংক্তি; মিল।

ছন্দের গঠন বিভাগ- একপদী, দ্বিপদী, ত্রিপদী, চৌপদী; পয়ার, মহাপয়ার, প্রবহমান পয়ার; অমিত্রাক্ষর, মুক্তক, সনেট; গদ্য কবিতা।

ছন্দের তিনরীতি - মিশ্রকলাবৃত্ত (তানপ্রধান); কলাবৃত্ত (ধ্বনি প্রধান); দলবৃত্ত (শ্বাসাঘাত প্রধান)।

খ. অলঙ্কার – শব্দালঙ্কার ও অর্থালঙ্কার – সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য।

শব্দালঙ্কার – অনুপ্রাস; যমক; শ্লেষ; বক্রোক্তি।

অর্থালঙ্কার – উপমা; উৎপ্রেক্ষা; রূপক; অপহ্নুতি; সন্দেহ; নিশ্চয়; ভ্রান্তিমান; ব্যতিরেক; সমাসোক্তি; অতিশয়োক্তি; বিষম; অসঙ্গতি; বিরোধাভাস; ব্যাজস্তুতি ।

- বিভিন্ন অলঙ্কারের মধ্যে তুলনামূলক আলোচনা ।
- অলঙ্কার নির্ণয় ।

**SEMESTER- 3RD**

COURSE NAME- UNISH SHATAKER KAVYA

COURSE CODE- BAHBNGC303

| COURSE TYPE-C | Course Details- CC-7 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর কোর্স/৭ [C-7]

## উনিশ শতকের কাব্য

## UNISH SHATAKER KAVYA

উনিশ শতক বাংলা সাহিত্যে নানা শাখাকে সমৃদ্ধ করেছে। উনিশ শতকের কাব্য, সেইসময়ের মনন ও চিন্তনের মৌলিকতা বিশেষভাবে ধরা পড়ে। উনিশ শতকের পাশ্চাত্য অভিঘাত ও নবজাগরণের ফলে যে সাংস্কৃতিক পরিবর্তন জানতে পারবে। সামাজিক আন্দোলন ও সংস্কার সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের কবিগণ ও তাদের কবিধর্মের স্বরূপ জানতে পারবে। উনিশ শতকের আধুনিক যুগমানসের স্বরূপ জানবে। গীতিকবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। গীতিকবিতা ও আখ্যান কাব্যের স্বরূপ ও পার্থক্য বুঝবে। উনিশ শতকের মহিলা কবিদের সম্পর্কে জানবে। উনিশ শতকীয় পত্রকাব্যরীতি বিচার করতে শিখবে। ছাত্রছাত্রীদের এই সমৃদ্ধ সাহিত্যের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এই অংশটি সংযুক্ত করা হয়েছে।

**উনিশ শতকের কাব্য**

ক. বীরাঙ্গনা কাব্য – মাইকেল মধুসূদন দত্ত (নির্বাচিত)

দুষ্মন্তের প্রতি শকুন্তলা; সোমের প্রতি তারা; দশরথের প্রতি কেকয়ী; পুরুরবার প্রতি উর্বশী; নীলধ্বজের প্রতি জনা ।

খ. সারদামঙ্গল – বিহারীলাল চক্রবর্তী।

**SEMESTER- 3RD**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**

COURSE NAME- BANGLA VYAKARANA
COURSE CODE- BAHBNGSE301

| COURSE TYPE-SE | Course Details- SEC-1 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**Skill Enhancement Course**
**।। ভাষাবোধ ও রচনাশক্তির নৈপুণ্য বৃদ্ধি ।।**

**তৃতীয় সেমেস্টার**

**কোর্স/১ [SEC-1]**
**বাংলা ব্যাকরণ**
**BANGLA VYAKARANA**

বাংলা ভাষা ব্যাকরণের জ্ঞান তারা লাভ করবে। ভাষা ও ব্যাকরণ শিক্ষার উপযোগিতা অবগত হবে। ব্যাকরণ বোধ ও প্রয়োগ দক্ষতা বাড়বে। ভাষার ব্যাকরণগত মূল্য নির্ধারণ করতে শিখবে। সন্ধি, সমাস, কারক, বিভক্তি নির্ণয় করতে শিখবে। বাক্য ও বাচ্য পরিবর্তন করতে শিখবে। ভাষাকে নির্ভুল ও সমৃদ্ধ করে লিখতে শিখবে। ভাষার উপাদান ও অন্বয়তত্ত্ব সম্পর্কে জানবে। বাংলা ভাষার রূপতত্ত্ব নিয়ে পড়বে। সাহিত্যের ভাষা বিশ্লেষণ করতে শিখবে।

## বাংলা ব্যাকরণ

বর্ণ ও ধ্বনি - ধ্বনি পরিবর্তন; অপিনিহিতি; অভিশ্রুতি; স্বরসঙ্গতি; সমীভবন; পদের শ্রেণিবিভাগ; কারক-বিভক্তি; সমাস; সন্ধি; শব্দের শ্রেণিবিভাগ; ছেদ ও যতি চিহ্নের ব্যবহার; প্রবাদ-প্রবচন ও বাগ্‌ধারা।

## SEMESTER- 3RD
## SKILL ENHANCEMENT COURSE (SEC)

COURSE NAME- RACHANA SHAKTIR NOIPUNYA
COURSE CODE- BAHBNGSE302

| COURSE TYPE-SE | Course Details- SEC-2 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

### কোর্স/২ [SEC-2]
### রচনা শক্তির নৈপুণ্য
### RACHANA SHAKTIR NOIPUNYA

এই কোর্সটির দ্বারা ছাত্রছাত্রীরা সৃষ্টিশীল, মৌলিক লেখা রচনা করতে শিখবে। নানা ধরনের পত্র লিখতে পারবে। প্রতিবেদন লিখতে শিখবে। অনুচ্ছেদ রচনা করতে শিখবে। ভাবার্থ ও ভাবসম্প্রসারণ লিখতে পারবে। এই কোর্সটি তাদের ব্যবহারিক জীবন ও জগতের নানাক্ষেত্রে মোকাবিলা করতে সাহায্য করবে। একই সঙ্গে ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ক্ষেত্রে তাদের নৈপূণ্য বৃদ্ধি করবে।

### রচনা শক্তির নৈপুণ্য

ক. ব্যক্তিগত, ব্যবহারিক এবং প্রাতিষ্ঠানিক পত্রলিখন ।

খ. সংবাদপত্রে প্রকাশের উপযোগী প্রতিবেদন রচনা ।

গ. অনুচ্ছেদ রচনা।

ঘ. ভাবার্থ ও ভাবসম্প্রসারণ।

SEMESTER- 3RD
Generic Elective Course (GE)
COURSE NAME- BANGLA UPANYAS
COURSE CODE- BAHBNGGE301

<table>
<tr><td>COURSE TYPE-GE</td><td colspan="3">Course Details- GEC-3</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

**Generic Elective Course**
**(Inter Disciplinary)(GE)**
**(বাংলা ছাড়া অন্যান্য বিষয়ের শিক্ষার্থীদের জন্য)**

**তৃতীয় সেমেস্টার**

কোর্স/৩ [GE-2]
বাংলা উপন্যাস
**(BHASHAR ITIHAS O BHASHATATWA)**

এই পর্বে ছাত্রছাত্রীরা, বাংলা উপন্যাসের জন্মের ইতিহাস জানবে। বাংলা উপন্যাস পাঠের সঙ্গে সঙ্গে পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা বিষয়েও জানবে। আধুনিক বাংলা উপন্যাসে তৎকালীন সমাজভাবনা, বাংলার জীবনরীতির পরিচয় পাবে। বাংলার চিরাচরিত সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। আধুনিক বাংলা উপন্যাসে সমাজচিন্তার রূপরেখা নির্মাণ সম্পর্কে জানতে পারবে। ব্রিটিশ যুগের সংকটের কথা জানবে। লেখকের জীবন-দর্শনের কথা জানবে। আধুনিক বাংলা উপন্যাসে দেশপ্রেম ও বীর বিপ্লবীদের আত্মত্যাগের মহত্ব অনুধাবন করবে। আধুনিক বাংলা উপন্যাস পাঠে দেশকাল ও সাহিত্য সম্পর্কে সচেতন হবে। আধুনিক উপন্যাসের শৈলি সম্পর্কে শিখবে। আধুনিক উপন্যাসের ভাষারীতি সম্পর্কে আগ্রহী হবে। উপন্যাস পাঠে জীবন চেতনা ও চিরায়ত জীবনবোধে পুষ্ট হবে শিক্ষার্থীমন।

**বাংলা উপন্যাস**

ক. মালঞ্চ – রবীন্দ্রনাথ ঠাকুর।

খ. পথের পাঁচালি – বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

SEMESTER- 3RD
Generic Elective Course (GE)
COURSE NAME- BANGLA KAVITA
COURSE CODE- BAHBNGGE302

<table>
<tr><td>COURSE TYPE- GE</td><td colspan="3">Course Details- GEC-3</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

## কোর্স/৪ [GE-4]
## বাংলা কবিতা
## BANGLA KAVITA

এই পর্বে ছাত্রছাত্রীরা, প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী বাংলা কবিতার গতিপ্রকৃতি সম্পর্কে জানতে পারবে। বাংলা কাব্যে কল্লোল যুগ সঞ্জাত বাস্তবতা-প্রতিবাদী চেতনার পরিচয় জানতে পারবে। সাহিত্যিক আন্দোলন ও মতবাদের পরিচয় পাবে। কবিতার শৈলি সংক্রান্ত নানা আধুনিক বৈশিষ্ট্য জানতে পারবে। গদ্য-কবিতার নিয়ম জানবে। যুগগত শূন্যতার স্বরূপ জানতে পারবে। ছাত্রছাত্রীরা আধুনিক কবিতা রচনার প্রেরণা পাবে।

### বাংলা কবিতা

ক. আত্মবিলাপ– মাইকেল মধুসূদন দত্ত; শ্রাবণে– অক্ষয়কুমার বড়াল; ঝুলন– রবীন্দ্রনাথ ঠাকুর; চম্পা– সত্যেন্দ্রনাথ দত্ত; দুখবাদী- যতীন্দ্রনাথ সেনগুপ্ত; বিদ্রোহী– কাজী নজরুল ইসলাম।

খ. বাংলার মুখ আমি দেখিয়াছি– জীবনানন্দ দাশ;  কাস্তে– দীনেশ দাস; একটি মোরগের কাহিনী– সুকান্ত ভট্টাচার্য; যত দুরেই যাই– সুভাষ মুখোপাধ্যায়; ভৌগোলিক– প্রেমেন্দ্র মিত্র; ভিখারি ছেলের অভিমান– শঙ্খ ঘোষ।

**SEMESTER- 4TH**
COURSE NAME- UNISH SHATAKER NATAK
COURSE CODE- BAHBNGC401

<table>
<tr><td>COURSE TYPE-C</td><td colspan="3">Course Details- CC-8</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

## ।। সেমেস্টার -৪।।

### কোর কোর্স/৮ [C-8]
### উনিশ শতকের নাটক
### UNISH SHATAKER NATAK

বাংলার আধুনিক ও মৌলিক নাটক লেখার যথার্থ সূত্রপাত ঘটে উনিশ শতকে। বাংলা নাট্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানবে। নাটকের সংজ্ঞা বৈশিষ্ট্য ও নাট্যতত্ত্ব (প্রাচ্য ও পাশ্চাত্য) সম্পর্কে জানবে। উনিশ শতকের বাংলা নাটক ও নাট্যমঞ্চের ইতিহাস জানতে পারবে। পাশ্চাত্য নাট্যসাহিত্যের অভিনয় কলা সম্পর্কে জানবে। মঞ্চে অভিনয় করতে উৎসাহী হবে। পৌরাণিক, সামাজিক, ঐতিহাসিক নাটক ও প্রহসনের স্বরূপ সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটক রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। বাংলা নাটকের জাতীয়তাবোধ উপলব্ধি করবে। সমকালীন নাট্য অভিনয় এবং নাট্যবিদ্রোহ সম্পর্কে অবহিত হবে। বাংলা কমেডি রচনার বিষয় ও শৈলি সম্পর্কে ধারণা পাবে। উনিশ শতকের বাংলা নাটক একই সঙ্গে সামাজিক এবং ঐতিহাসিক দলিল। তাই বিষয়টি পাঠ্যসূচিতে রাখা হয়েছে।

### উনিশ শতকের নাটক

ক. নীলদর্পণ– দীনবন্ধু মিত্র।

খ. বিল্বমঙ্গল ঠাকুর– গিরিশচন্দ্র ঘোষ।

**SEMESTER- 4TH**
COURSE NAME- BISH SHATAKER NATAK
COURSE CODE- BAHBNGC402

| COURSE TYPE-C | Course Details- CC-9 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর কোর্স/৯ [C-9]
## বিশ শতকের নাটক
## BISH SHATAKER NATAK

বিশ শতকের বাংলা নাটক বিষয় বৈচিত্র্যে, ঘটনা পরম্পরায় মতাদর্শে ও আঙ্গিকে খুবই সমৃদ্ধ। এই বিশেষ সমৃদ্ধ ক্ষেত্রটি বাংলা সাহিত্যের অতীব গুরুত্বপূর্ণ সম্পদ। বিশ শতকীয় নাট্যকার ও নাট্যভাবনা সম্পর্কে আগ্রহী হবে। তত্ত্বমূলক নাটকের আঙ্গিক সম্পর্কে জানবে। বিশ শতকীয় নাটক ও বাস্তববাদ সম্পর্কে জানবে। জাতীয়তাবাদী আন্দোলনের প্রেক্ষিত ও বিপ্লবের তত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক বাংলা থিয়েটারের পরিচয় পাবে। গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে। উপনিবেশোত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণ করতে শিখবে। মার্কসীয় সমাজতাত্ত্বিক আন্দোলন, তত্ত্ব ও ফ্রয়েডীয় মনোবিকোলনতত্ত্বের তত্ত্বের ভিত্তিতে সাহিত্যবিচার করতে শিখবে। আধুনিক নাট্যশৈলির কথা জানতে পারবে। আধুনিক নাট্যবিচার ও অভিনয়ে উৎসাহী হবে। ছাত্রছাত্রীদের এ বিষয়ের প্রতি সচেতন করে তোলার জন্য বিষয়টি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

### বিশ শতকের নাটক

ক. অচলায়তন– রবীন্দ্রনাথ ঠাকুর।

খ. সওদাগরের নৌকা– অজিতেশ বন্দ্যোপাধ্যায়।

**SEMESTER- 4TH**
COURSE NAME- UNISH-BISH SHATAKER UPANYAS
COURSE CODE- BAHBNGC403

| COURSE TYPE-C | Course Details- CC-10 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর কোর্স/১০ [C-10]
## উনিশ-বিশ শতকের উপন্যাস
## UNISH-BISH SHATAKER UPANYAS

বাংলা উপন্যাসের জন্ম, ক্রমবিকাশ ও বিবর্তনের সাক্ষ্য বহন করে উনিশ-বিশ শতক। এ পর্বে ছাত্রছাত্রীরা, বাংলা গদ্যভাষা ও গদ্যরীতির উৎস সম্পর্কে জানবে। বাংলা উপন্যাসের উদ্ভবের কথা জানবে। সমকালীন নকশা জাতীয় রচনায় তৎকালীন সমাজভাবনা, বাংলার জীবনরীতির পরিচয় পাবে। উপন্যাসের সূচনা পর্বের ইতিহাস পড়ে সমৃদ্ধ হবে। উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ ও প্রাচ্য-পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা জানবে। বাংলার চিরাচরিত সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। বিশ শতকের বাংলা উপন্যাসের সমাজ চিন্তার রূপরেখা সম্পর্কে জানতে পারবে। বাংলার পল্লীজীবনের তথা শহুরেজীবনের জটিল গতিপ্রকৃতি- মানসপ্রকৃতি গঠনের বৈচিত্র্য চিন্তাভাবনার সীমাবদ্ধতা জানতে পারবে। বাংলা উপন্যাসের কালচেতনা সম্পর্কে জানতে পারবে। উপন্যাস পাঠে জীবন চেতনা ও চিরায়ত জীবনবোধে পুষ্ট হবে শিক্ষার্থীমন। আধুনিক উপন্যাসের শৈলি সম্পর্কে শিখবে। আধুনিক উপন্যাসের ভাষারীতি সম্পর্কে আগ্রহী হবে। উনিশ-বিশ শতকের বাংলা উপন্যাসের বিচিত্র অভিমুখের দিকে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এটিকে পাঠ্যসূচিতে রাখা হয়েছে।

### উনিশ-বিশ শতকের উপন্যাস

ক. কপালকুন্ডলা- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

খ. চোখের বালি– রবীন্দ্রনাথ ঠাকুর।

**SEMESTER- 4TH**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**

COURSE NAME- BYABOHARIK BANGLA CHARCHA
COURSE CODE- BAHBNGSE401

| COURSE TYPE-SE | Course Details- SEC-2 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**Skill Enhancement Course**
।। ভাষাবোধ ও রচনাশক্তির নৈপুণ্য বৃদ্ধি ।।

চতুর্থ সেমেস্টার

কোর্স/১ [SEC-1]
ব্যবহারিক বাংলা চর্চা
**BYABOHARIK BANGLA CHARCHA**

এই কোর্সের মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা, বিজ্ঞাপনের খসড়া তৈরির কাজ শিখবে। বিজ্ঞাপনের কাজের খুঁটিনাটি সম্পর্কে জ্ঞানলাভ করবে। ছাপার কাজের কৌশল শিখবে। প্রুফ সংশোধনের নিয়মাবলি সম্পর্কে জানবে। প্রুফ সংশোধন করতে শিখবে। সংবাদপত্রে প্রতিবেদন লিখতে শিখবে। এই বিষয়গুলি ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ক্ষেত্রে তাদের নৈপূণ্য বৃদ্ধি করবে।

ব্যবহারিক বাংলা চর্চা

ক. বিজ্ঞাপনের খসড়া রচনা।

খ. প্রুফ সংশোধন।

গ. পরিভাষা (আবশ্যিক বাংলা সংকলন – বিশ্ববন্ধু ভট্টাচার্য সম্পাদিত) ব. বি. প্রকাশিত।

ঘ. বানান বিধি (প. ব. বাংলা আকাদেমি) আকাদেমি বাংলা বানানবিধি।

**SEMESTER- 4TH**
**SKILL ENHANCEMENT COURSE (SEC)**

COURSE NAME- **ANUBAD CHARCHA (ENGREGI THEKE BANGLA)**
COURSE CODE- BAHBNGSE402

| COURSE TYPE- SE | Course Details- SEC-2 | | | L.T.P – 4-0-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 4 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

কোর্স/২ [SEC-2]
অনুবাদ চর্চা (ইংরেজি থেকে বাংলা)
**ANUBAD CHARCHA (ENGREGI THEKE BANGLA)**

এই কোর্সের মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা, অনুবাদের উপযোগিতা সম্পর্কে জানবে। বাংলা সাহিত্যে অনুবাদের ইতিহাস সম্পর্কে জানবে। অন্য ভাষা থেকে (ইংরেজি থেকে বাংলায়) অনুবাদ করতে শিখবে। মূল পাঠ্যের আক্ষরিক অনুবাদের সঙ্গে ভাবানুবাদের পদ্ধতিও শিখবে। এই কোর্সটি তাদের ব্যবহারিক জীবন ও জগতের নানাক্ষেত্রে মোকাবিলা করতে সাহায্য করবে। একই সঙ্গে ছাত্রছাত্রীদের বিভিন্নক্ষেত্রে চাকরি পাবার ক্ষেত্রে তাদের নৈপূণ্য বৃদ্ধি করবে।

**অনুবাদ চর্চা (ইংরেজি থেকে বাংলা)**

ক. অনুবাদ তত্ত্ব

খ. মূলানুগ অনুবাদ

গ. ভাবানুবাদ

**SEMESTER- 4TH**
**Generic Elective Course (GE)**
COURSE NAME- BANGLA NATAK
COURSE CODE- BAHBNGGE401

| COURSE TYPE- GE | Course Details- GEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**Generic Elective Course**
**(Inter Disciplinary)(GE)**
**(বাংলা ছাড়া অন্যান্য বিষয়ের শিক্ষার্থীদের জন্য)**

## চতুর্থ সেমেস্টার

**কোর্স/৫ [GE-5]**
**বাংলা নাটক**
**BANGLA NATAK**

এই পর্বে ছাত্রছাত্রীরা, নাট্যকার ও নাট্যভাবনা সম্পর্কে আগ্রহী হবে। তত্ত্বমূলক নাটকের আঙ্গিক সম্পর্কে জানবে। বিশ শতকীয় নাটক ও বাস্তববাদ সম্পর্কে জানবে। জাতীয়তাবাদী আন্দোলনের প্রেক্ষিত ও বিপ্লবের তত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক বাংলা থিয়েটারের পরিচয় পাবে। গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে। উপনিবেশোত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণ করতে শিখবে। মার্কসীয় সমাজতাত্ত্বিক আন্দোলন, তত্ত্ব ও ফ্রয়েডীয় মনোবিকোলনতত্ত্বের তত্ত্বের ভিত্তিতে সাহিত্যবিচার করতে শিখবে। আধুনিক নাট্যশৈলির কথা জানতে পারবে। আধুনিক নাট্যবিচার ও অভিনয়ে উৎসাহী হবে।

### বাংলা নাটক

ক. কৃষ্ণকুমারী– মধুসূদন দত্ত।

খ. দেবীগর্জন– বিজন ভট্টাচার্য।

**SEMESTER- 4TH**
**Generic Elective Course (GE)**
COURSE NAME- BANGLA PRABANDHA
COURSE CODE- BAHBNGGE402

| COURSE TYPE- GE | Course Details- GEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

কোর্স/৬ [GE-6]

বাংলা প্রবন্ধ

**BANGLA PRABANDHA**

এই পর্বে ছাত্রছাত্রীরা, প্রবন্ধ রচনা, রম্যরচনার স্বরূপ এবং বৈশিষ্ট্য অবগত হবে। বাংলা গদ্যসাহিত্য ও প্রবন্ধ সাহিত্যের স্বরূপ জানবে। প্রবন্ধ লেখার অভিজ্ঞান লাভ করবে। প্রবন্ধের শৈলি ও ভাষা সম্পর্কে অবহিত হবে। প্রবন্ধ রচনার কৌশল শিখবে। আধুনিক বাংলা সাহিত্যের কালসীমা ও যুগলক্ষণ জানবে। সাহিত্য বিষয়ক প্রবন্ধের দার্শনিক ভাবনা ও সত্যচেতনার পরিচয় পাবে। প্রাচীন সাহিত্য ও আধুনিক সাহিত্যের পরিচয় পাবে। প্রবন্ধ রচনার বিষয় ও রচনারীতি সম্পর্কে জ্ঞানলাভ করবে।

**বাংলা প্রবন্ধ**

ক. মনুষ্যফল– বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়; কৌতুক হাস্য - রবীন্দ্রনাথ ঠাকুর; পারিবারিক নারী সমস্যা– অন্নদাশঙ্কর রায়; আমাদের ভাষাসংকট– প্রমথ চৌধুরী।

খ. বাংলার ব্রত- অবনীন্দ্রনাথ ঠাকুর; রবীন্দ্রনাথ ও উত্তর সাধক– বুদ্ধদেব বসু; সৎ প্রসঙ্গ– মীর মোশাররফ হোসেন; জাতি, সংস্কৃতি ও সাহিত্য– সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

**SEMESTER- 5TH**

COURSE NAME- UNISH-BISH SHATAKER KAVITA

COURSE CODE- BAHBNGC501

<table>
<tr><td>COURSE TYPE-C</td><td colspan="3">Course Details- CC-11</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

।। সেমেস্টার -৫।।

কোর কোর্স/১১ [C-11]

উনিশ-বিশ শতকের কবিতা

**UNISH-BISH SHATAKER KOVITA**

বাংলা কবিতা শুধুমাত্র ভারতবর্ষের ইতিহাসে নয়, বিশ্বসাহিত্যের ইতিহাসেও স্থান দখল করেছে। উনিশ-বিশ শতকের বাংলা কবিতা সমৃদ্ধির শিখরে পৌঁছায়। উনিশ শতকের কাব্যধর্ম ও কবিধর্মের স্বরূপ জানতে পারবে। উনিশ শতকের কাব্যে নারীচেতনা ও পাশ্চাত্য প্রভাব জানতে পারবে। উনিশ শতকের কাব্যে পত্ররীতি বিচার করতে শিখবে। অমিত্রাক্ষর ছন্দের সাথে যুক্তির ভাষা ও প্রতিবাদী চেতনার স্বরূপ চিনবে। উনিশ শতকের আধুনিক যুগমানসের স্বরূপ চিনবে। গীতিকবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। কাব্যচিন্তার ক্ষেত্রে পৌরাণিক ও রোম্যান্টিক পরিচয় লাভ করবে। বিশ শতকের কবিতায় বিধৃত মানবচিন্তা, প্রকৃতি ও সৌন্দর্যচিন্তা, ঈশ্বরচিন্তা ও আস্তিক্যবোধের স্বরূপ জানতে পারবে। বিশ শতকের কবিতার মধ্যে তত্ত্ব, সত্য, বৈচিত্র্য ও শৈলি সম্পর্কে জ্ঞানলাভ করবে। এই পর্বে ছাত্রছাত্রীরা, বিশ শতকের কবিতার মধ্যে জীবন ও বিশ্বসত্যের শাশ্বত পরিচয় জানতে পারবে। আধুনিক কবিতার স্বরূপ জানতে পারবে। প্রাচ্য ও পাশ্চাত্য কাব্যভাবনার গতিপ্রকৃতি বুঝতে পারবে। কবিতা বিশ্লেষণ করতে শিখবে। বিশ্বযুদ্ধ ও মানবসভ্যতার সংকট সম্পর্কে জানতে পারবে। কবিতার শৈলি ও তার বিবর্তন অনুধাবন করতে পারবে। এই দুই শতকের বাংলার কবি ও তাদের কবিতার গতিপ্রকৃতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার উদ্দেশ্যে এটিকে পাঠ্যসূচিতে সংযুক্ত করা হয়েছে।

**উনিশ-বিশ শতকের কবিতা**

ক. সঞ্চয়িতা – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত কবিতা)

সোনার তরী, বিদায় অভিশাপ, অভিসার, কৃপণ, ভারততীর্থ, বাঁশি, চঞ্চলা, শাজাহান, মানবপুত্র।

খ. আধুনিক কবিতা সঞ্চয়ন – বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত। (নির্বাচিত কবিতা)

বোধ– জীবনানন্দ দাশ; মানুষ– কাজী নজরুল ইসলাম; উট পাখি– সুধীন্দ্রনাথ দত্ত; তুমি শুধু পচিশে বৈশাখ- বিষ্ণু দে; কাস্তে– দিনেশ দাস; কলকাতার যীশু– নীরেন্দ্রনাথ চক্রবর্তী; অবনী বাড়ি আছো?– শক্তি চট্টোপাধ্যায়; বাবরের প্রার্থনা– শঙ্খ ঘোষ ।

**SEMESTER- 5TH**
COURSE NAME- ADHUNIK BANGLA UPANYAS
COURSE CODE- BAHBNGC502

<table>
<tr><td>COURSE TYPE-C</td><td colspan="3">Course Details- CC-12</td><td colspan="2">L.T.P – 5-1-0</td></tr>
<tr><td rowspan="3">Credit – 6</td><td rowspan="3">Full Marks: 50</td><td colspan="2">CA Marks</td><td colspan="2">ESE Marks</td></tr>
<tr><td>Practical</td><td>Theoretical</td><td>Practical</td><td>Theoretical</td></tr>
<tr><td>--</td><td>10</td><td>--</td><td>40</td></tr>
</table>

## কোর কোর্স/১২ [C-11]
## আধুনিক বাংলা উপন্যাস
## ADHUNIK BANGLA UPANYAS

বিশ শতকের বাংলা উপন্যাস অতি সমৃদ্ধ ও গুরুত্বপূর্ণ। এই পর্বে ছাত্রছাত্রীরা, আধুনিক উপন্যাসের সংজ্ঞা, বৈশিষ্ট্য, শ্রেণিবিভাগ সম্পর্কে জানতে পারবে। বাংলা উপন্যাসের জন্মের ইতিহাস জানবে। বাংলা উপন্যাস পাঠের সঙ্গে সঙ্গে পাশ্চাত্য উপন্যাসের রূপরেখা বিষয়েও জানবে। বাংলা উপন্যাসের উদ্ভব ও বিস্তারের কথা জানবে। সমকালীন নকশা জাতীয় রচনার পর আধুনিক বাংলা উপন্যাসে তৎকালীন সমাজভাবনা, বাংলার জীবনরীতির পরিচয় পাবে। বাংলার চিরাচরিত সমাজে পাশ্চাত্য সংস্কৃতির প্রভাব সম্পর্কে জ্ঞান অর্জন করবে। আধুনিক বাংলা উপন্যাসে সমাজচিন্তার রূপরেখা নির্মাণ সম্পর্কে জানতে পারবে। ব্রিটিশ যুগের সংকটের কথা জানবে। লেখকের জীবন-দর্শনের কথা জানবে। আধুনিক বাংলা উপন্যাসে দেশপ্রেম ও বীর বিপ্লবীদের আত্মত্যাগের মহত্ব অনুধাবন করবে। আধুনিক বাংলা উপন্যাস পাঠে দেশকাল ও সাহিত্য সম্পর্কে সচেতন হবে। রাঢ় বাংলার জীবনের বিবর্তন সম্পর্কে জানবে। গ্রাম বাংলা তথা নাগরিক জীবনের জটিল গতিপ্রকৃতি- মানসপ্রকৃতি গঠনের বৈচিত্র্য চিন্তাভাবনার সীমাবদ্ধতা জানতে পারবে। সামন্ততন্ত্রের পর সমাজতন্ত্রের উপ বাংলা উপন্যাসের কালচেতনা সম্পর্কে জানতে পারবে। উপন্যাস পাঠে জীবন চেতনা ও চিরায়ত জীবনবোধে পুষ্ট হবে শিক্ষার্থীমন। আধুনিক উপন্যাসের শৈলি সম্পর্কে শিখবে। আধুনিক উপন্যাসের ভাষারীতি সম্পর্কে আগ্রহী হবে। বিশ শতকীয় উপন্যাস চিন্তার পরিচয় পাবে। বিশ শতকের উপন্যাস নির্মাণে ঔপন্যাসিকের ব্যক্তিস্বাতন্ত্র্যের পরিচয় পাবে। আদর্শবাদের সঙ্গে ভোগবাদের দ্বন্দ্ব চিনতে শিখবে। শাশ্বত জীবনবোধের ধারণা লাভ করবে। বিশ শতকের বাংলা উপন্যাসের নানা অভিমুখ ও লেখকের সঙ্গে ছারছাত্রীদের পরিচয় করিয়ে দেওয়ার বিষয়টি পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### আধুনিক বাংলা উপন্যাস

ক. শ্রীকান্ত (৪র্থ পর্ব)– শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

খ. আরণ্যক– বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

**SEMESTER- 5TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- UNISH SHATAKER GEETI KAVITA O AKHYAN KABYA
COURSE CODE- BAHBNGDSE501

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-1 & DSEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**Discipline Specific Elective (DSE)**

**।। সাম্মানিক বাংলা ঐচ্ছিক কোর্স ।।**

**পঞ্চম সেমেস্টার**

**কোর্স/১ [DSE-1]**

**উনিশ শতকের গীতি কবিতা ও আখ্যান-কাব্য**

**UNISH SHATAKER GEETI KAVITA O AKHYAN KABYA**

এই পর্বে ছাত্রছাত্রীরা, গীতি কবিতার স্বরূপ, বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ সম্পর্কে জানবে। গীতি কবিতার শৈলি ও গীতিকাব্যের তুল্যমূল্য বিচার করতে পারবে। কাব্যের ভাষা, ছন্দ-অলংকার সম্পর্কে বিশ্লেষণ করতে পারবে। গীতিকাব্যের কাহিনি সংযোগ ও স্বাতন্ত্র্য চিনতে পারবে। গীতি কবিতার মধ্যে কবিধর্মের স্বরূপ খুঁজে পাবে। বাংলা গীতি কবিতার মধ্যে রোম্যান্টিক চেতনা, নারীচেতনা, স্বাদেশিকতা বোধ ও পাশ্চাত্য প্রভাবের কথা জানতে পারবে। গীতি কবিতার উদ্দেশ্য ও সম্ভাবনার মাত্রাগুলো অনুধাবন করতে শিখবে। গীতি কবিতা ও আখ্যান কাব্যের স্বরূপ ও পার্থক্য অনুধাবন করবে। বাংলা আখ্যানকাব্য ও গীতি কবিতার ইতিহাস জানতে সচেষ্ট হবে। বাংলা সাহিত্যে উনিশ শতকের আখ্যান কাব্যের যে ধারাটি ছিল তার মধ্যে নবীনচন্দ্র সেনের 'পলাশীর যুদ্ধ' একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। এই কোর্সে সে বিষয়টি জানার সুযোগ রয়েছে।

**উনিশ শতকের গীতি কবিতা ও আখ্যান-কাব্য**

ক. ঈশ্বরচন্দ্র গুপ্ত– স্বদেশ; মাতৃভাষা

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়– ভারতবিলাপ; বাঙালীর মেয়ে

দেবেন্দ্রনাথ সেন– প্রকৃতি; অদ্ভুত অভিসার

অক্ষয় কুমার বড়াল– শ্রাবণে; মৃত্যু

খ. নবীনচন্দ্র সেন– পলাশীর যুদ্ধ

**SEMESTER- 5TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- UNISH SHATAKER PRABANDHA
COURSE CODE- BAHBNGDSE502

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-1 & DSEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

কোর্স/২ [DSE-2]
**উনিশ শতকের প্রবন্ধ**
**UNISH SHATAKER PRABANDHA**

এই পর্বে ছাত্রছাত্রীরা, উনিশ শতকের বাংলা প্রবন্ধের ইতিহাস জানতে পারবে। ফোর্ট উইলিয়ম কলেজ থেকে রবীন্দ্রনাথ থেকে বাংলা প্রবন্ধের বৈচিত্র্য জানবে। উনিশ শতকের প্রবন্ধ রচনার বৈশিষ্ট্য অবগত হবে। উনিশ শতকের প্রবন্ধ সাহিত্যের স্বরূপ জানবে। প্রবন্ধ লেখার অভিজ্ঞান লাভ করবে। উনিশ শতকের প্রবন্ধের শৈলি ও ভাষা সম্পর্কে অবহিত হবে। উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটক রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। প্রবন্ধ রচনার কৌশল শিখবে। সাহিত্য বিষয়ক প্রবন্ধের দার্শনিক ভাবনা ও সত্যচেতনার পরিচয় পাবে। উনিশ শতকের প্রবন্ধ রচনার বিষয় ও রচনারীতি সম্পর্কে জ্ঞানলাভ করবে।

**উনিশ শতকের প্রবন্ধ**

ক. কমলাকান্তের দপ্তর- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (নির্বাচিত)
মনুষ্যফল, বিড়াল, বসন্তের কোকিল, কমলাকান্তের জবানবন্দী, বড়বাজার

খ. পঞ্চভূত – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)
পরিচয়, মন, কৌতুকহাস্য, গদ্য ও পদ্য, নরনারী

**SEMESTER- 5TH**

**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- TARASHANKAR O MANIK BANDYOPADHYAYER NIRBACHITA CHHOTOGOLPO

COURSE CODE- BAHBNGDSE503

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-1 & DSEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর্স/৩ [DSE-3]

## তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত ছোটোগল্প

## TARASHANKAR O MANIK BANDYOPADHYAYER NIRBACHITA CHHOTOGOLPO

এই পর্বে ছাত্রছাত্রীরা, ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। ছোটোগল্পের উদ্ভব ও বিকাশ সম্পর্কে জানবে। তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পের বৈশিষ্ট্য ও স্বরূপ সম্পর্কে জানবে। তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পের তত্ত্ব, সমাজভাবনার কথা জানতে পারবে। বাংলা গল্পের নির্মাণ শৈলি সম্পর্কে সচেতন হবে। তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটোগল্পের সময় ও গল্পের বিষয় সম্পর্কে জানবে। প্রথম বিশ্বযুদ্ধোত্তর সমাজ সংকটকে অনুভব করবে। গল্পকারের মানস প্রকৃতি বোঝার চেষ্টা করবে। মানব চরিত্রের দ্বৈত সত্তার পরিচয় পাবে।

### তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়ের নির্বাচিত ছোটোগল্প

ক. তারাশঙ্করের শ্রেষ্ঠগল্প– জগদীশ ভট্টাচার্য সম্পাদিত (নির্বাচিত)

জলসাঘর, বেদেনী, নারী ও নাগিনী, ডাইনী, অগ্রদানী

খ. মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠগল্প– যুগান্তর চক্রবর্তী সম্পাদিত (নির্বাচিত)

প্রাগৈতিহাসিক, কুষ্ঠরোগীর বউ, সরীসৃপ, হলুদপোড়া, শিল্পী, হারানের নাতজামাই

**SEMESTER- 5TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- BANGLA NATAK
COURSE CODE- BAHBNGDSE504

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-1 & DSEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর্স/৪ [DSE-4]
## বাংলা নাটক
## BANGLA NATAK

এই পর্বে ছাত্রছাত্রীরা, বাংলা নাট্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানবে। নাটকের সংজ্ঞা বৈশিষ্ট্য ও নাট্যতত্ত্ব (প্রাচ্য ও পাশ্চাত্য) সম্পর্কে জানবে। উনিশ শতকের বাংলা নাটক ও নাট্যমঞ্চের ইতিহাস জানতে পারবে। পাশ্চাত্য নাট্যসাহিত্যের অভিনয় কলা সম্পর্কে জানবে। মঞ্চে অভিনয় করতে উৎসাহী হবে। পৌরাণিক, সামাজিক, ঐতিহাসিক নাটক ও প্রহসনের স্বরূপ সম্পর্কে জানতে পারবে৷ উনিশ শতকীয় সমাজের কথা জানবে। উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা নাটক রচনার যুগগত পটভূমি জানতে পারবে। সামাজিক কুসংস্কার, রীতিনীতি ও নব্য শিক্ষিত বাংলার যুবসমাজের পরিচয় পাবে। সমকালীন সমাজ ও পরাধীন বাংলার দুর্দশার কথা জানবে। বাংলা নাটকের জাতীয়তাবোধ উপলব্ধি করবে। সমকালীন নাট্য অভিনয় এবং নাট্যবিদ্রোহ সম্পর্কে অবহিত হবে। বিশ শতকের বাংলা নাটক বিষয় বৈচিত্র্যে, ঘটনা পরম্পরায় মতাদর্শে ও আঙ্গিকে খুবই সমৃদ্ধ। গণনাটকের পরিচয় পাবে ও নবনাটকের পরিচয় পাবে। প্রতিবাদী চেতনার কণ্ঠস্বর চিনতে পারবে। জমিদারি শাসনের অবসান ও পঞ্চায়েতরাজের পরিচয় লাভ করবে। দুই বিশ্বযুদ্ধ ও সেই অভিঘাতে সৃষ্ট সাহিত্যের গতিপ্রকৃতি জানবে। দেশভাগ ও স্বাধীনতা উত্তর সমাজ পরিবর্তনের পটভূমি জানবে। উপনিবেশ ও সাহিত্যের গতিপ্রকৃতি বুঝতে সক্ষম হবে। উপনিবেশোত্তর মূল্যবোধে সাহিত্য বিশ্লেষণ করতে শিখবে। মার্কসীয় সমাজতাত্ত্বিক আন্দোলন, তত্ত্ব ও ফ্রয়েডীয় মনোবিকোলনতত্ত্বের তত্ত্বের ভিত্তিতে সাহিত্যবিচার করতে শিখবে। আধুনিক নাট্যবিচার ও অভিনয়ে উৎসাহী হবে।

**বাংলা নাটক**

ক. সাজাহান– দ্বিজেন্দ্রলাল রায়

খ. দুঃস্বপ্নের নগরী– উৎপল দত্ত

**SEMESTER- 5TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- BANGLA PRABANDHA-NIBANDHA
COURSE CODE- BAHBNGDSE505

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-1 & DSEC-2 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর্স/৫ [DSE-5]
## বাংলা প্রবন্ধ-নিবন্ধ
## BANGLA PRABANDHA-NIBANDHA

এই পর্বে ছাত্রছাত্রীরা, প্রবন্ধ পড়তে শিখবে। প্রবন্ধ বিশ্লেষণ করতে শিখবে। প্রবন্ধ লিখতে শিখবে। বাংলা প্রবন্ধ সাহিত্যের উদ্ভব ও বিকাশ পর্বের কথা জানবে। প্রবন্ধের মধ্য দিয়ে সমকালের সমাজ, সাহিত্য ও সংস্কৃতির পরিচয় পাবে। বাংলা প্রবন্ধ রচনার সূচনা পর্ব থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলা প্রবন্ধ রচনার শৈলির সঙ্গে পরিচিত হবে। প্রাবন্ধিকদের প্রবন্ধ রচনার রচনারীতি ও বিষয় সম্পর্কে জানবে। উনিশ শতকের প্রবন্ধের বৈচিত্র্য সম্পর্কে জানবে। বিশ শতকের প্রবন্ধের বৈচিত্র্য সম্পর্কে জানবে।

### বাংলা প্রবন্ধ-নিবন্ধ

ক. সাহিত্য– রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত)

সাহিত্যের তাৎপর্য, সাহিত্যের সামগ্রী, কাব্য : স্পষ্ট এবং অস্পষ্ট, সাহিত্যের উদ্দেশ্য, সাহিত্য ও সভ্যতা।

খ. বাংলা প্রবন্ধ – বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত (নির্বাচিত)

আমাদের ভাষা সংকট- প্রমথ চৌধুরী, পারিবারিক নারী সমস্যা– অন্নদাশঙ্কর রায়, সৎ প্রসঙ্গ- মীর মশাররফ হোসেন, বাংলার ব্রত– অবনীন্দ্রনাথ ঠাকুর, জাতি, সংস্কৃতি ও সাহিত্য– সুনীতিকুমার চট্টোপাধ্যায়।

**[পঞ্চম সেমেস্টারে পাঁচটি DSE কোর্স বা ‘সাম্মানিক বাংলা ঐচ্ছিক’ কোর্সের মধ্যে যে-কোনো দুটি কোর্স নিতে হবে]**

**SEMESTER- 6TH**
COURSE NAME- BANGLA CHHOTOGOLPO
COURSE CODE- BAHBNGC601

| COURSE TYPE-C | Course Details- CC-13 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## ।। সেমেস্টার -৬।।

### কোর কোর্স/১৩ [C-13]
### বাংলা ছোটোগল্প
### BANGLA CHHOTOGOLPO

বাংলা ছোটোগল্প বিশ্বসাহিত্যের সমৃদ্ধ ছোটোগল্পের সঙ্গে তুলনীয়। এই পর্বে ছাত্রছাত্রীরা, ছোটোগল্পের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানবে। বিশ্বসাহিত্যে ছোটোগল্পের রূপরেখা সম্পর্কে জানবে। বাংলা সাহিত্যে ছোটোগল্পের উদ্ভব প্রসঙ্গে পড়বে। ছোটোগল্পের বৈচিত্র্য, তত্ত্ব, নির্মাণ, সমাজভাবনা ও চিরায়ত আবেদন অনুভব করতে পারবে। বাংলা ছোটোগল্পের নির্মাণ শৈলি সম্পর্কে জানবে। একাল ও আধুনিক কালের সময় ও যুগলক্ষণ সম্পর্কে অবহিত হবে। আধুনিক যুগের বিপন্নতা ও সংকটকে দেখতে শিখবে। ঔপনিবেশিকতা ও উত্তর উপনিবেশবাদ সম্পর্কে অবহিত হবে। একালের সময় চেতনা ও সমাজতত্ত্ব সম্পর্কে জানবে। আধুনিক গল্পের বিষয় বৈচিত্র্য জানবে। চেতনাপ্রবাহধর্মী লেখা চিনতে পারবে। উপনিবেশ উত্তর যুগের লক্ষণ চিনতে পারবে। বাংলা গল্পপাঠের মধ্য দিয়ে বাংলা গল্পের স্বরূপ উদ্ভাবন করতে পারবে। ছাত্রছাত্রীরা গল্প লেখার প্রেরণা পাবে, গল্পকার হবে। এইভাবেই একাধিক আন্তর্জাতিক মানের ছোটোগল্পকারের আবির্ভাব হয়েছে বাংলা সাহিত্যে। এই ছোটোগল্পকার ও তাদের ছোটোগল্পের সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেওয়ার জন্য বিষয়টি সংযুক্ত করা হয়েছে।

### বাংলা ছোটোগল্প

ক. গল্পগুচ্ছ– রবীন্দ্রনাথ ঠাকুর : (নির্বাচিত)

কঙ্কাল, শাস্তি, সমাপ্তি, গুপ্তধন, দুরাশা, অতিথি, স্ত্রীর পত্র, চোরাই ধন ।

খ. একালের গল্প- বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রকাশিত : (নির্বাচিত)

পুঁইমাচা- বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়; ফসিল– সুবোধ ঘোষ; রস– নরেন্দ্রনাথ মিত্র; টোপ– নারায়ণ গঙ্গোপাধ্যায়; আদাব– সমরেশ বসু; সাঁঝ সকালের মা– মহাশ্বেতা দেবী; অশ্বমেধের ঘোড়া- দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়; ইঁদুর– সোমেন চন্দ।

**SEMESTER- 6TH**
COURSE NAME- SAHITYA-TATTWA
COURSE CODE- BAHBNGC602

| COURSE TYPE-C | Course Details- CC-14 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর কোর্স/১৩ [C-14]
## সাহিত্যতত্ত্ব
## SAHITYA-TATTWA

এই পর্বে ছাত্রছাত্রীরা, কাব্যের স্বরূপ ও লক্ষণ চিনবে। ভারতীয় অলংকারবাদের বৈচিত্র্য জানবে। কাব্যের প্রাণ অনুসন্ধান করতে পারবে। কাব্যবিচার করে তার মূলধর্ম নির্ণয় করতে শিখবে। কাব্যের পূর্ণতা অনুধাবন করতে শিখবে। কাব্যতত্ত্বের নানা প্রস্থান- ধ্বনিবাদ, রসবাদ, রীতিবাদ সম্পর্কে অবহিত হবে। রসবিচার করতে শিখবে। কাব্যশৈলি বিচার করতে শিখবে। ভারতীয় অলংকারতত্ত্বের বিকাশের ইতিহাস জানবে। পাশ্চাত্য সাহিত্য প্রস্থান সম্পর্কে জানবে। পাশ্চাত্য রীতি বাংলা সাহিত্যে কী প্রভাব ফেলেছে জানতে পারবে। আধুনিক সংকেত ও প্রতীকময় সাহিত্যের বিমূর্ত সত্য উপলব্ধি করবে। সাহিত্যে উপাদান, অন্বয় ও বিনির্মাণ বিশ্লেষণ করবে। পাশ্চাত্য কাব্যতত্ত্ব সম্পর্কে অবহিত করবে। মহাকাব্য ও অন্যান্য কাব্যশৈলি সম্পর্কে জানবে। ট্রাজেডি তত্ত্ব সম্পর্কে জানবে। অনুকরণ তত্ত্ব সম্পর্কে জানবে। পাশ্চাত্য নাট্যতত্ত্ব সম্পর্কে জানবে। সাহিত্যের নানা স্টাইলের লক্ষণ চিনতে পারবে। সাহিত্যতত্ত্ব সাহিত্যপাঠে সহায়ক ও গুরুত্বপূর্ণ তত্ত্ব। ভারতীয় ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের নানা মতাদর্শ ও মতবাদকে ছাত্রছাত্রীদের জানানো বলে খুবই জরুরি বলে মনে হয়। সেই উদ্দেশ্যকে সামনে রেখে বিষয়টিকে পাঠ্যসূচিতে রাখা হয়েছে।

### সাহিত্যতত্ত্ব

ক. কাব্যজিজ্ঞাসা – অতুলচন্দ্র গুপ্ত (নির্বাচিত)
ধ্বনি, রস।
খ. সাহিত্যের রূপ ও রীতি- ক্লাসিসিজম্; রোমান্টিসিজম্; সিম্বলিজম্; এপিক; ট্রাজেডি; কমেডি; ফার্স, সুররিয়ালিজম্।

**SEMESTER- 6TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- BISH SHATAKER GADYA
COURSE CODE- BAHBNGDSE601

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-3 & DSEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

**Discipline Specific Elective (DSE)**
।। সাম্মানিক বাংলা ঐচ্ছিক কোর্স ।।

ষষ্ঠ সেমেস্টার

কোর্স/১ [DSE-1]
বিশ শতকের গদ্য
**BISH SHATAKER GADYA**

এই পর্বে ছাত্রছাত্রীরা, গদ্য সাহিত্যের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য সাহিত্যের উদ্ভব ও ইতিহাস সম্পর্কে জানতে পারবে। গদ্য রচনার স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। উনিশ শতকের গদ্য রচনার পর্ব পেরিয়ে এসে বিশ শতকের গদ্য রচনার স্বরূপ বদলের ইতিহাস জানবে। গদ্য শৈলি সম্পর্কে অবগত হবে। গদ্যসাহিত্যের বিভিন্ন পর্যায়ের সঙ্গে পরিচিত হবে।

**বিশ শতকের গদ্য**

ক. রাজকাহিনী– অবনীন্দ্রনাথ ঠাকুর

খ. চাচাকাহিনী– সৈয়দ মুজতবা আলি

**SEMESTER- 6TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- BANGLA EKANKA NATAK
COURSE CODE- BAHBNGDSE602

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-3 & DSEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

কোর্স/২ [DSE-2]

বাংলা একাঙ্ক নাটক

**BANGLA EKANKA NATAK**

এই পর্বে ছাত্রছাত্রীরা, বাংলা একাঙ্ক নাটকের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। বাংলা একাঙ্ক নাটক রচনার স্বরূপ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। একাঙ্ক নাটকের নানাবিধ বৈচিত্র্য সম্পর্কে পড়ার সুযোগ পাবে। একাঙ্ক নাটক মঞ্চস্থ করার আগ্রহ পাবে। একাঙ্ক নাটক পড়ার সঙ্গে সঙ্গে নাটকে অভিনয় করার সুযোগ পাবে।

**বাংলা একাঙ্ক নাটক**

ক. দেবী– তুলসী লাহিড়ী

রাজপুরী – মন্মথ রায়

খ. সুন্দর– মোহিত চট্টোপাধ্যায়

অশ্বত্থামা- মনোজ মিত্র

**SEMESTER- 6TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- PATRA SAHITYA O ATMA-JIBONI
COURSE CODE- BAHBNGDSE603

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-3 & DSEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর্স/৩ [DSE-3]
## পত্রসাহিত্য ও আত্মজীবনী
## PATRA SAHITYA O ATMA-JIBONI

পত্র সাহিত্য ও আত্মজীবনী, বাংলা সাহিত্যে এক সমৃদ্ধ শাখা। পত্র কিভাবে সাহিত্যের মাত্রা পায় তা বাংলার অনেক সাহিত্যিকের লিখিত পত্রের মধ্যে দিয়ে তার পরিচয় পাওয়া যায়। বিশেষ করে রবীন্দ্রনাথের লিখিত পত্র – অতিসমৃদ্ধ ও সাহিত্যগুণে ভাস্কর। এ সমৃদ্ধ সাহিত্য সাখার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করানো আবশ্যক বলে মনে হয়। তাছাড়া বাংলা ভাষার লিখিত আত্মজীবনী সাহিত্য সমসাময়িক দেশকাল পটভূমির আশ্চর্য দলিল। এই সমৃদ্ধ দুই শাখার সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেওয়ার জন্য বিষয়টি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

### পত্রসাহিত্য ও আত্মজীবনী

ছিন্নপত্র– রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত ৫টি পত্র) ২০, ৩৬, ৪৩, ৬৪, ৬৭ সংখ্যক পত্র।

যখন ছোট ছিলাম- সত্যজিৎ রায়

**SEMESTER- 6TH**
**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- NATYA-KAVYA O KAVYA-NATYA
COURSE CODE- BAHBNGDSE604

| COURSE TYPE-DSE | Course Details- DSEC-3 & DSEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

## কোর্স/৪ [DSE-4]
## নাট্যকাব্য ও কাব্যনাট্য
## NATYA-KAVYA O KAVYA-NATYA

এই পর্বে ছাত্রছাত্রীরা, কাব্যনাট্য ও নাট্যকাব্য সম্পর্কে জানবে। নাট্যকাব্য ও কাব্যনাট্যের স্বরূপ ও বৈশিষ্ট্য জানবে। নাট্যকাব্য সৃষ্টির বৈচিত্র্য সম্পর্কে জানবে। কাব্যনাট্য সৃষ্টির বৈচিত্র্য সম্পর্কে জানবে। কাব্যনাট্য ও নাট্যকাব্যের তত্ত্ব, সত্য, গঠন ও শৈলি সম্পর্কে জ্ঞানলাভ করবে। নাট্যকাব্য ও কাব্যনাট্যের শিল্পরূপ সম্পর্কে জানবে।

**নাট্যকাব্য ও কাব্যনাট্য**

ক. সতী - রবীন্দ্রনাথ ঠাকুর

কর্ণ-কুন্তী সংবাদ– রবীন্দ্রনাথ ঠাকুর

খ. প্রথম পার্থ– বুদ্ধদেব বসু ।

**SEMESTER- 6TH**

**DISCIPLINE SPECIFIC ELECTIVE (DSE)**

COURSE NAME- LOKSANSKRITI O LOKSAHITYA
COURSE CODE- BAHBNGDSE605

| COURSE TYPE- DSE | Course Details- DSEC-3 & DSEC-4 | | | L.T.P – 5-1-0 | |
|---|---|---|---|---|---|
| Credit – 6 | Full Marks: 50 | CA Marks | | ESE Marks | |
| | | Practical | Theoretical | Practical | Theoretical |
| | | -- | 10 | -- | 40 |

কোর্স/৫ [DSE-5]

লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

**LOKSANSKRITI O LOKSAHITYA**

এই পর্বে ছাত্রছাত্রীরা, লোকসংস্কৃতি ও লোকসাহিত্য বাংলার ঐতিহ্য, পরম্পরা ও সংস্কৃতির গুরুত্বপূর্ণ উপাদান। বাংলার লোকসংস্কৃতি ও লোকসমাজের অবদান বাংলা সাহিত্যে সুস্পষ্টভাবে পরিলক্ষিত হয়। এই সুসমৃদ্ধ ঐতিহ্য, আচার, অনুষ্ঠান, পূজা-পার্বন, সংগীত, যাত্রা বাংলার কৃষ্টিকে তুলে ধরে। ছাত্রছাত্রীদের সঙ্গে এই সমৃদ্ধ পরম্পরার সঙ্গে যোগ ঘটিয়ে দেওয়ার জন্য এই বিষয়টি পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

**লোকসংস্কৃতি ও লোকসাহিত্য**

ক. লোকসংস্কৃতি ও লোকসংগীত : সংজ্ঞা, স্বরূপ, বৈশিষ্ট্য ও বিভাজন
ভাদু, টুসু, ভাওয়াইয়া,ঝুমুর, ভাটিয়ালি ।

খ. লোকসাহিত্য : সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্য
ছড়া, ধাঁধাঁ, প্রবাদ-প্রবচন, লোককথা, লোকগাথা

লোকনাটক – আলকাপ, লেটো, ছৌ, নাটুয়া, মাছানি।

**[ষষ্ঠ সেমেস্টারে পাঁচটি DSE কোর্স বা 'সাম্মানিক বাংলা ঐচ্ছিক' কোর্সের মধ্যে যে-কোনো দুটি কোর্স নিতে হবে]**